

বিকশিত ভারত নির্মাণে নারী শক্তির বিরাট ভূমিকা রয়েছেঃ প্রধানমন্ত্রী



নয়াদিল্লি, ১৮ জানুয়ারিঃ বিকশিত ভারত নির্মাণে নারী শক্তির বিরাট ভূমিকা রয়েছে। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী বলেছেন, এই জন্য গত এক দশকে আমরা মা ও মেয়েদের ক্ষমতায়নকে প্রতিটি বড় প্রকল্পের কেন্দ্রে রেখেছি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শনিবার দুপুরে ভিডিও কনফারেন্সের মাধ্যমে স্বামীশ্র যোজনার আওতায় দেশের ১০টি রাজ্য এবং দু'টি কেন্দ্রশাসিত অঞ্চলের বহু মানুষের হাতে তাদের ডু-সম্পত্তির মালিকানার দলিল স্বাক্ষর ৬৫ লক্ষেরও বেশি সম্পত্তি কার্ড বিতরণ করেছেন। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, ২০২৫ সালও শুরু হয়েছে গ্রাম ও কৃষকদের জন্য বড় সিদ্ধান্ত নিয়ে। ভারত সরকার প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনা চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এর পাশাপাশি ডিএপি সারের বিষয়েও সিদ্ধান্ত নেওয়া হয়েছে, যাতে কৃষকরা লাভবান হয়। প্রধানমন্ত্রী আরও বলেছেন, ২০১৪ সালের আগে দেশের ১০০টিরও কম পঞ্চায়েত ব্রডব্যান্ড ফাইবার সংযোগের সঙ্গে সংযুক্ত ছিল। গত ১০ বছরে আমরা ২ লক্ষেরও বেশি পঞ্চায়েতকে ব্রডব্যান্ড ফাইবার সংযোগ দিয়ে সংযুক্ত করেছি। ২০১৪ সালের আগে দেশের গ্রামে এক লক্ষেরও কম সাধারণ পরিষেবা কেন্দ্র ছিল। গত ১০ বছরে, আমাদের সরকার ৫ লক্ষেরও বেশি সাধারণ পরিষেবা কেন্দ্র তৈরি করেছে।

ভোটের মুখে প্রতিশ্রুতির ডালি খুললেন কেজরি



নয়াদিল্লি, ১৮ জানুয়ারিঃ দিল্লির স্থায়ী বাসিন্দাদের বিনামূল্যে জল ও বিদ্যুৎ পরিষেবা দীর্ঘদিন ধরেই দিচ্ছে অম আদমি পার্টির সরকার। এবার শুধু স্থায়ী বাসিন্দাদের নয়, ভাড়াটেদেরও দেওয়া হবে একই সুবিধা। নির্বাচনের প্রাক্কালে এমন ঘোষণা করলেন আপ প্রধান অরবিন্দ কেজরিওয়াল। শনিবার সাংবাদিক বৈঠক করে জানানো, দিল্লিতে ফের আপের সরকার ক্ষমতায় এলে ভাড়াটেদের জন্যও এই পরিষেবা বিনামূল্যে করা হবে। দিল্লির বিধানসভা নির্বাচন উপলক্ষে ইতিমধ্যেই একাধিক প্রতিশ্রুতি দিয়েছে অম আদমি পার্টি। সেই ধারা অব্যাহত রেখে শনিবার সাংবাদিক বৈঠক থেকে কেজরিওয়াল বলেন, সারা দেশ থেকে বহু মানুষ দিল্লিতে এসে বাড়ি ভাড়া নিয়ে থাকেন। আমি যেখানেই গিয়েছি, মানুষের সঙ্গে কথা বলেছি, সকলেই অনুযোগ করেছেন তারা এখানে ভালো স্কুল ও হাসপাতালের সুবিধা পাচ্ছেন। কিন্তু বিনামূল্যে বিদ্যুৎ ও জলের পরিষেবা থেকে তারা বঞ্চিত। আপ সরকার ফের ক্ষমতায় এলে ভাড়াটেরাও যাতে এই পরিষেবার আওতায় আসে তা আমরা নিশ্চিত করব। উল্লেখ্য, আগামী ৫ ফেব্রুয়ারি দিল্লির ৭০ টি আসনে হতে চলেছে বিধানসভা নির্বাচন। এই নির্বাচন উপলক্ষে সমুখ সমরে নেমেছে আপ, বিজেপি ও কংগ্রেস। ছুটছে প্রতিশ্রুতির বন্যা। ইতিমধ্যেই আপের তরফে ঘোষণা করা হয়েছে ক্ষমতায় এলে তাঁরা দিল্লির মহিলাদের মাসে ২১০০ টাকা করে ভাতা, বয়স্কদের ভাতা, বিনামূল্যে চিকিৎসা ও অটোচালকদের ১০ লক্ষ টাকার বিমা-সহ একাধিক পরিষেবা ঘোষণা করা হয়েছে। সেই তালিকায় এবার যুক্ত হল আরও এক প্রকল্প। তবে দিল্লিবাসীর মন পেতে পিছিয়ে নেই কংগ্রেস ও বিজেপি মতো দলগুলি। আপের বিরুদ্ধে ব্যাপক দুর্নীতির অভিযোগে তোলার পাশাপাশি ‘মহিলা সমৃদ্ধি’ যোজনা ঘোষণা করেছে বিজেপি। যেখানে মহিলাদের মাসে ২৫০০ টাকা করে দেওয়া হবে। এছাড়া গরিব পরিবারকে ৫০০ টাকায় দেওয়া হবে গ্যাস সিলিন্ডার। হোলি ও দিপাবলীতে দুটি সিলিন্ডার বিনামূল্যে দেওয়া হবে। গর্ভবতী মহিলাদের ৬০ হাজার টাকা সাহায্য, ৬০ থেকে ৭০ বছরের বৃদ্ধদের ২০০০ টাকার পরিবহী ২৫০০ টাকা করে দেওয়া হবে। এবং বৃদ্ধাদের ৬০০০ টাকা করে দেওয়া হবে। কংগ্রেসের তরফেও জানানো হয়েছে, দিল্লিতে ক্ষমতায় এলে ‘পেয়ারি দিদি’ প্রকল্পের মাধ্যমে মাসে ২৫০০ টাকা করে ভাতা দেওয়া হবে।

ভারতের বিদেশনীতিতে রাশিয়া গুরুত্ব দিয়ে আসছেঃ এস জয়শঙ্কর



মুম্বই, ১৮ জানুয়ারিঃ ভারতের বিদেশনীতির প্রতি রাশিয়া দীর্ঘদিন ধরেই গুরুত্ব দিয়ে আসছে। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী মোদেঃ এস জয়শঙ্কর। তিনি বলেছেন, ১৯৪৫ সাল থেকে বিশ্ব দেখেছে এমন সমস্ত উত্থান-পতন সত্ত্বেও, এটি এমন একটি সম্পর্ক যা মূলত স্থির রয়েছে। শনিবার মুম্বইয়ে নবম নবী এ পালখিবালা স্মারক বক্তৃতায় জয়শঙ্কর বলেছেন, কয়েক দশক ধরে, ভারতের জাতীয় নিরাপত্তা ক্যালকুলাসে রাশিয়ার গুরুত্ব রয়েছে। রাশিয়া যখন এশিয়ার দিকে নিজস্ব মনোযোগ পুনঃনির্দেশিত করেছে, তখনো আরও একটি খুঁজি দেখা যাচ্ছে। এস জয়শঙ্কর আরও বলেছেন, ভারত এবং রাশিয়ার মধ্যে গভীর অর্থনৈতিক সহযোগিতার সংযোগ সম্ভাবনাও মহান প্রতিশ্রুতি রাখে। ভারতের বিস্তৃত পদচিহ্ন অনিবার্যভাবে অনেক অঞ্চলে রাশিয়ার প্রভাব পূরণ করবে। বিশ্বের অন্যান্য দেশের মতো ভারতও ইউক্রেনের চলমান সংঘাতের প্রভাবে অচেতন নয়। ভারত সংলাপ এবং কূটনীতির অবচল প্রবক্তা, এতেই যুদ্ধক্ষেত্রে সমাধান হতে পারে।

তাকেও বোনকে হত্যার ষড়যন্ত্র করা হয়েছিল, অভিযোগ শেখ হাসিনার

ঢাকা, ১৮ জানুয়ারিঃ বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা দাবি করেছেন, গত বছরের ৫ আগস্ট যখন ছাত্র আন্দোলনের চাপে তিনি পদত্যাগ করতে বাধ্য হন, সেই মুহুর্তে তাঁকে এবং তাঁর বোন রেহানাকে হত্যার ষড়যন্ত্র করা হয়েছিল। শুক্রবার রাতে বাংলাদেশ আওয়ামী লীগের ফেসবুক পেজে প্রকাশিত একটি অডিওতে এই অভিযোগ করেছেন শেখ হাসিনা। হাসিনা বলেন, রেহানা আর আমি, মাত্র ২০-২৫ মিনিটের ব্যবধানে মৃত্যুর মুখ থেকে ফিরে এসেছি। এটি প্রথমবার নয়, এর আগেও আমাদের হত্যার চেষ্টা হয়েছে। শেখ হাসিনা জানান, জীবনের বিভিন্ন পর্যায়ে তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্র হয়েছে। তিনি বলেন, ২১ আগস্টের প্রেনেড হামলা থেকে বেঁচে যাওয়া, কেমটালিপাড়ার বোমা বিস্ফোরণ থেকে বেঁচে যাওয়া বা ২০২৪ সালের ৫ আগস্টের ঘটনার পরও আমি বেঁচে রয়েছি-এগুলো আল্লাহর ইচ্ছা ছাড়া সম্ভব নয়। আমি বিশ্বাস করি, তাঁর হত্যার কূটায় আমি এখনও জীবিত, কারণ তিনি চান আমি আরও কিছু কাজ করি।

আস্থার পূর্ণ মর্যাদা দিয়েছেন, বিচারককে নির্থাতিতার বাবা

দুরন্ত বার্তা, কলকাতা, ১৮ জানুয়ারিঃ রায় শুনেনে চোখে জল নির্থাতিতার বাবার। তিনি বিচারকের উদ্দেশে বলেন, ‘ উপর যে আস্থা ছিল, তার পূর্ণ মর্যাদা দিয়েছেন।’ শনিবার শিয়ালদা আদালতের বিচারক অনিবার্ণ দাস প্রত্যুত্তরে বলেন, ‘সোমবার আসুন।’ রায় ঘোষণার আগে নির্থাতিতার বাবা নিশানা করেন মমতাকো। তিনি বলেন, ‘মুখ্যমন্ত্রী নিজে বলেছিলেন, রাত ২টো পর্যন্ত জেগে মনিটর করেছিলেন। ওর কী ইন্টারেস্ট ছিল জানতে চাই। তথ্যপ্রমাণ যে লোপাট হয়েছে, সেটা সিবিআই বলেছে।’ শুধু সিভিক নয়, সব দেয়ী সামনে আসবে।’ এর আগে কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হয়েছিলেন নির্থাতিতার বাবা-মা। সেখানে সরাসরি কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআইয়ের বিরুদ্ধে প্রমাণ লোপাটের অভিযোগ তোলেন তাঁরা। নতুন করে তদন্তের আর্জিও জানান। শুনানির শেষ দিনে নির্থাতিতার বাবার সন্দেহ ছিল, ওই ঘটনায় চার জুনিয়র ডাক্তারের হাত থাকতে পারে। নির্থাতিতার বাবা বলেছিলেন, ‘ওই দিন (৮ অগস্ট) রাতে যারা আমার মেয়ের সঙ্গে ছিলেন, তাঁদের আমরা প্রচণ্ড ভাবে সাসপেক্ট (সন্দেহ) করছি। ডিএনএ রিপোর্ট তো পাওয়া গিয়েছে। তথ্যপ্রমাণ দেখেছেন। কোনও মহিলার উপস্থিতি ছিল সেখানে।’ এমনকি, সিবিআইকে তিনি ‘বিরোধী’ বলেও মন্তব্য করেন। আর জি কর-কাডের দেয়ীর ফাঁসির পক্ষই সওয়াল করেছে রাজ্য। সিবিআইও সঞ্জয়ের মৃত্যুদণ্ডের পক্ষে সওয়াল করে আদালতে। এই মামলায় রায় দান হবে সোমমবার বলে আদালত সূত্রে জানতে পারা গিয়েছে।

দিল্লিতে ৯৮১ জন প্রার্থীর মনোনয়ন পেশ

নয়াদিল্লি, ১৮ জানুয়ারিঃ দিল্লি বিধানসভা নির্বাচনে মনোনয়ন পত্র পেশ করেছেন ৯৮১ জন প্রার্থী। ৯৮১ জন প্রার্থী ১ হাজার ৫২১টি মনোনয়ন দাখিল করেছেন। মনোনয়ন প্রত্যাহারের অন্তিম দিন আগামী ২০ জানুয়ারি। দিল্লির নির্বাচনী দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে, দিল্লি বিধানসভা নির্বাচনের জন্য ৯৮১ জন প্রার্থী মোট ১,৫২১টি মনোনয়নপত্র জমা দিয়েছেন। মনোনয়ন দাখিলের শেষ তারিখ ১৭ জানুয়ারি ছিল, মোট ওই দিন ৬৮০টি মনোনয়নপত্র দাখিল করা হল। মনোনয়ন প্রত্যাহারের শেষ তারিখ ২০ জানুয়ারি। উল্লেখ্য, দিল্লিতে একদফায় হবে বিধানসভা নির্বাচনের ভোটগ্রহণ। দিল্লিতে ভোটগ্রহণ হবে ৫ ফেব্রুয়ারি, গণনা হবে ৮ ফেব্রুয়ারি। আগামী ১৫ ফেব্রুয়ারি দিল্লি বিধানসভার পাঁচ বছরের মেয়াদ শেষ হচ্ছে। নিয়ম অনুযায়ী, ওই সময়ের মধ্যেই নতুন বিধানসভার সদস্যদের নির্বাচিত করতে হবে।

১৬২ দিন পর বিচার পেল তিলোত্তমা আর জি কর ধর্ষণ-খুনে দোষী সাব্যস্ত সঞ্জয় রায়

দুরন্ত বার্তা, কলকাতা, ১৮ জানুয়ারিঃ আর জি কর ধর্ষণ-খুনের মামলায় দোষী সাব্যস্ত হল আসামি সঞ্জয় রায়। রায়দানের শুরুতেই সঞ্জয়কে কাঠগড়ায় ভুলে বিচারক জানিয়ে দেন, তাকে দোষী সাব্যস্ত করা হয়েছে। শনিবার বিচারক অনিবার্ণ দাসের এজলাসে বহু প্রতীক্ষিত এই মামলার রায়দান হয়। ভারতীয় ন্যায় সহিতার ৬৪ (ধর্ষণ), ৬৬ (ধর্ষণের জন্য মৃত্যু), ১০৩(১) (মৃত্যু) দোষী সাব্যস্ত করা হয়। বিচারকের কথা শুনেনে সঞ্জয় চিৎকার করে ওঠে। সে দাবি করে, আমি কিছু করিনি। যারা করেছে তাদের কেন ছাড়া হল? আমার কোনও দোষ নেই। সবাই মিলে করেছে। আমি পাাপ করিনি। দোষ করলে গলার রুদ্রাক্ষ খুলে পেড়ে যেত। বিচারক জানিয়ে দেন, সোমবার সাজা ঘোষণা। সেদিন সঞ্জয়কে আত্মক্ষম সমর্থনের সুযোগ দেওয়া হবে। এদিন রায় ঘোষণার আগে আদালত চত্বরে ডিড জমান বহু সাধারণ নাগরিক। নির্থাতিতার পরিবারের ৫ সদস্য আদালত কক্ষে উপস্থিত ছিলেন। তবে সাধারণ মানুষকে আদালত কক্ষে ঢুকতে দেওয়া হয়নি। মেয়ের নৃশংস হত্যার ১৬২ দিনের মাথায় সঞ্জয় দোষী সাব্যস্ত হওয়ায় বিচারককে নবাবাদ জানান তরুণী চিকিৎসকের বাবা-মা। প্রসঙ্গত, গত বছরের ৯ আগস্ট, হাসপাতালের সেমিনার হল থেকে তরুণী চিকিৎসকের দেহ উদ্ধার করা হয়। অভিযোগ, ধর্ষণ করে খুন করা হয় তাঁকে। তদন্তে নামে কলকাতা পুলিশ। ১০ আগস্ট এই ঘটনায় যুক্ত থাকার অভিযোগে সিভিক



ভলান্টিয়ার সঞ্জয় রায়কে গ্রেপ্তার করা হয়। গত ১২ আগস্ট নির্থাতিতার বাড়িতে যান মুখ্যমন্ত্রী। শোকসন্তরু পরিবারের সঙ্গে কথা বলেন তিনি। গত ১৬ আগস্ট সিবিআই তদন্তের নির্দেশ দেয় আদালত। গত ১৪ আগস্ট রাতদখল করেন মহিলারা। ওই রাতেই আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চলে ব্যাপক ভাগ্যচুর করা হয়। গত ১৮ আগস্ট এই ঘটনায় সপ্তিম কোর্টে স্বতঃ প্রণোদিত মামলা দায়ের হয়। গত ২ এবং ৬ সেপ্টেম্বর জুনিয়র চিকিৎসকরা লালবাজার অভিযান করেন। ১০ সেপ্টেম্বর স্বাস্থ্যবনের সামনে জুনিয়র চিকিৎসকরা অবস্থান আন্দোলন শুরু করেন। ১১ ও ১২ সেপ্টেম্বর নবান্নে জুনিয়র

মূল অভিযুক্ত সঞ্জয় রায়ের নাম উল্লেখ করে সিবিআই চার্জশিট পেশ করে আদালতে। গত ১৯ অক্টোবর মুখ্যসচিবের মাধ্যমে অনশনকারীদের সঙ্গে ফোনো কথা বলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। গত ২১ অক্টোবর মুখ্যমন্ত্রীর সঙ্গে জুনিয়র ডাক্তারদের ফের বৈঠক হয়। অনশনকারীরা তাঁর লাইভ সম্প্রচার দেখেন। বৈঠকের পর ওইদিনই কর অনশন প্রত্যাহার করেন জুনিয়র চিকিৎসকরা। গত ৪ নভেম্বর সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়ের বিরুদ্ধে চার্জগঠন করা হয়। ১১ নভেম্বর শিয়ালদহ আদালতে শুরু হয় বিচার প্রক্রিয়া। ১৮ জানুয়ারি সঞ্জয় রায়কে দোষী সাব্যস্ত করল আদালত। ফাঁসি নাকি যাবজ্জীবন, কী সাজা হয় সেদিকে নজর সকলের।

দেখেই গুলি চালায় সাজ্জাক, আত্মরক্ষায় জবাব পুলিশের, জানালেন এডিজি আইনশৃঙ্খলা

দুরন্ত বার্তা, কলকাতা, ১৮ জানুয়ারিঃ বাংলাদেশে পালিয়ে যাওয়ার চেষ্টা করবে আসামি। যেহেতু এখন প্রচুর কুয়াশা, তাই সময়্য হয়েছিল। তবে ছোট ছোট টিম তৈরি করে ওই এলাকা ঘিরে ফেলা হয়। তাকে ধরা দিতে বলা হয়। সে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। পুলিশকে লক্ষ্য করে গুলি চালায়। পাল্টা পুলিশ গুলি চালায়। হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানেই তার মৃত্যু হয়। এনকাউন্টারের সময় কত রাউন্ড গুলি চলে, তা এখনও স্পষ্ট নয়। কীট কার্ভজই বা বাজেয়াপ্ত করা হয়েছে, সেটিও খতিয়ে দেখা হচ্ছে। তবে প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, ৩-৪ রাউন্ড গুলি চালানো হয়েছে। চিকিৎসকরা জানিয়েছেন, তিনটি



অপরধীর সঙ্গে আপস করা হবে না তা-ও সাক্ষ জানান এডিজি আইনশৃঙ্খলা। এদিকে, পুলিশকে গুলি চালিয়ে বিচারধারী বন্দি পালানোর ঘটনায় ৪ জনকে সাসপেন্ড করা হয়েছে। উল্লেখ্য, গত ১৫ জানুয়ারি, ইসলামপুর আদালত

থেকে প্রিজন ভ্যানে করে রায়গঞ্জ কেন্দ্রীয় সংশোধনাগারে নিয়ে যাওয়া হচ্ছিল তাকে। গোয়ালপাখারের পাঞ্জিপাড়ার একরচালী কালীমন্দিরের কাছে শৌচকর্ম করবে বলে জানায়। প্রিজন ভ্যান থেকে নামে। অভিযোগ, প্রিজন ভ্যান থেকে নেমে দুই পুলিশকর্মীকে লক্ষ্য করে এলোপাখাড়ি গুলি চালায়। এরপর একটি বাইকে চড়ে চম্পট দেয়। রায়গঞ্জ পুলিশ সুপার সাজ্জাকের ২ লক্ষ টাকা মাথার দাম ধার্য করা। বৃহস্পতিবার জন্ম দুই পুলিশকর্মীকে দেখতে যান খোদ রাজ্য পুলিশের ডিবিজি রাজীব কুমার। ৪৮ ঘটীর মধ্যে সাজ্জাককে গ্রেপ্তার করতে হবে বলেই নির্দেশ দেন। পুলিশের উপর গুলি চালালে পাল্টা তার ৪ গুণ গুলি চালানো হবে বলেই হুঁশিয়ারি দিয়েছিলেন ডিবিজি। তার মাত্র ২৪ ঘটীর মধ্যে পুলিশের এনকাউন্টারে খতম সাজ্জাক।

জাতিগত জনগণনা অতি আবশ্যিকঃ রাহুল গান্ধী



পাটনা, ১৮ জানুয়ারিঃ আরও একবার জাতিগত জনগণনার পক্ষে সওয়াল করলেন লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী। তাঁর মতে, দেশের সত্যিকারের পরিস্থিতি জানার জন্য জাতিগত জনগণনা অতি আবশ্যিক। শনিবার পাটনায় অনুষ্ঠিত সংবিধান সুরক্ষা সম্মেলনে রাহুল গান্ধী বলেছেন, দেশের প্রকৃত অবস্থা বোঝার জন্য জাতিগত জনগণনা করা উচিত। এটি বিহারে পরিচালিত ভুলো জাতিগত জনগণনার মতো হবে না। জাতিগত জনগণনার ভিত্তিতে একটি নীতি তৈরি করা উচিত। কংগ্রেস লোকসভা এবং রাজ্যসভায় জাতিগত জনগণনা পাস করবে। আমরা ৫০ শতাংশ সংরক্ষণের বাধ্য ভেঙে ফেলব।

এসএসসিতে তৃতীয় দফার কাউন্সেলিং

দুরন্ত বার্তা, কলকাতা, ১৮ জানুয়ারিঃ উচ্চ প্রাথমিক শূন্য পদে শিক্ষক নিয়োগের জন্য স্কুল সার্ভিস কমিশন তৃতীয় দফার কাউন্সেলিং শুরু করতে চলেছে। আগামী ২৮ থেকে ৩১ শে জানুয়ারি পর্যন্ত এই পর্বে মোট ১ হাজার ৫৪৩ জন প্রার্থীকে ডাকা হয়েছে। ২২ শে জানুয়ারি থেকে প্রার্থীরা কেম্পে অফিসিয়াল ওয়েবসাইট থেকে ইন্টি মেশন লেটার ডাউনলোড করতে পারবেন। উল্লেখ্য উচ্চ প্রাথমিকে নিয়োগের জন্য এখনো পর্যন্ত ১১ হাজার ৬৪৪ জন প্রার্থীকে এই কাউন্সেলিং এ ডাকা হয়েছে। তার মধ্যে ৮ হাজার ৬৫১ জন চাকরির সুপারিশ পত্র গ্রহণ করেছেন।



কর্মসংস্থানের সুযোগ তৈরি হতে পারে সে বিষয়েও দিশা দেখাতে পারে বাজেট। এবারের বাজেটে

দরদামও কমবে বা বাড়বে। এই বাজের মানুষের কতটা পক্ষে বা বিপক্ষে তা লক্ষ্যনীয়। বর্তমানে বাজার দর মানুষের নগালের বাইরে চলে গিয়েছে। কোনও রকমে তারা জীবনযাপন করছেন। তাই বাজের তাদের পক্ষে হলে কিছুটা লাভজনক তারা হবেন বলে মনে করছেন। কারণ যখনই বাজে হয় তখনই মানুষ লক্ষ্য করেন সেই বাজেটে তাদের জন্য কিছু তেমন থাকে না। যা কিছু সমস্তই থাকে পুঁজিপতিদের জন্য। গলা কেটে দাম নেওয়া প্রবনতা থেকেই যায়। তাই যখনই বাজেটের কথা ওঠে বা বাজেট ঘোষনা করা হয় তারা উৎসুক হয়ে থাকিয়ে থাকেন। এই বুঝি তাদের জন্য নতুন কিছু থাকবে বাজেটে। কিন্তু প্রতিবারই তারা নিরাশ হন। কারণ তাদের জন্য বলতে গেলে তেমন কিছুই থাকে না। নিরাশ হতে হয় তাদের।

মহাকুস্তের ষষ্ঠ দিন, ত্রিবেণী সঙ্গমে পুণ্যমান্ন ৭.৩ কোটি ভ



প্রয়াগরাজ, ১৮ জানুয়ারি : উত্তর প্রদেশের প্রয়াগরাজে মহাকুস্তের ষষ্ঠ দিনেও পুণ্যমান্ন করলেন বিপুল সংখ্যক ভক্তরা। শনিবার ভোররাতে থেকেই গঙ্গা, যমুনা ও সরস্বতীর মিলনস্থল ত্রিবেণী সঙ্গমে অমৃতস্নান করেছেন ভক্তরা। এযাব ৭ কোটিরও বেশি ভক্ত ত্রিবেণী সঙ্গমে অমৃতস্নান করেছেন। বিশ্বের বৃহত্তম এই ধর্মীয় সমাবেশে এখনও আসছেন ভক্তরা। ১৮ জানুয়ারি ১০ লক্ষেরও বেশি কল্পবাসী এবং ৭.২৭ লক্ষ তীর্থযাত্রী মহাকুস্তে অংশ নিয়েছেন, মোট ১৭.২৭ লক্ষ মানুষ পবিত্র ডুব দিয়েছেন। এখনও পর্যন্ত ৭.৩ কোটিরও বেশি ভক্ত পুণ্যমান্ন করেছেন।গত ১৩ জানুয়ারি থেকে শুরু হয়েছে মহাকুস্ত মেলা। শনিবার ষষ্ঠ দিনেও বিপুল সংখ্যক ভক্ত আসছেন প্রয়াগরাজে। ত্রিবেণী সঙ্গমে পবিত্র স্নানের উদ্দেশ্যে আসছেন ভক্তরা। মহাকুস্ত মেলা চলবে ৪৫-দিন ধরে। উল্লেখ্য, শুধুমাত্র মকর সংক্রান্তির দিন ত্রিবেণী সঙ্গমে অমৃত স্নান কেহিলেনে ৩.৫ কোটিরও বেশি মানুষ।অন্যদিকে উত্তর প্রদেশের প্রয়াগরাজে মহাকুস্তের ষষ্ঠ দিনেও পুণ্যমান্ন করলেন বিপুল সংখ্যক ভক্তরা। শনিবার ভোররাতে থেকেই গঙ্গা, যমুনা ও সরস্বতীর মিলনস্থল ত্রিবেণী সঙ্গমে অমৃতস্নান করেছেন ভক্তরা। এযাব ৭ কোটিরও বেশি ভক্ত ত্রিবেণী সঙ্গমে অমৃতস্নান করেছেন। বিশ্বের বৃহত্তম এই ধর্মীয় সমাবেশে এখনও আসছেন ভক্তরা। ১৮ জানুয়ারি ১০ লক্ষেরও বেশি কল্পবাসী এবং ৭.২৭ লক্ষ তীর্থযাত্রী মহাকুস্তে অংশ নিয়েছেন, মোট ১৭.২৭ লক্ষ মানুষ পবিত্র ডুব দিয়েছেন। এখনও পর্যন্ত ৭.৩ কোটিরও বেশি ভক্ত পুণ্যমান্ন করেছেন।গত ১৩ জানুয়ারি থেকে শুরু হয়েছে মহাকুস্ত মেলা। শনিবার ষষ্ঠ দিনেও বিপুল সংখ্যক ভক্ত আসছেন প্রয়াগরাজে। ত্রিবেণী সঙ্গমে পবিত্র স্নানের উদ্দেশ্যে আসছেন ভক্তরা। মহাকুস্ত মেলা চলবে ৪৫-দিন ধরে। উল্লেখ্য, শুধুমাত্র মকর সংক্রান্তির দিন ত্রিবেণী সঙ্গমে অমৃত স্নান কেহিলেনে ৩.৫ কোটিরও বেশি মানুষ।

বীরভূমে লাইনচ্যুত মালগাড়ি, থমকে আপ লাইনে ট্রেন চলাচল



বীরভূম, ১৮ জানুয়ারি : বীরভূমে লাইনচ্যুত হয়ে গেল কয়লাবোঝাই একটি মালগাড়ি। শনিবার সকালে ঘটনাস্থি ঘটেছে বীরভূমের তারাপীঠ রোড রেলস্টেশনের কাছে। রেল স্তরের খবর, সাইথিয়া থেকে রামপুরহাটের দিকে যাচ্ছিল একটি মালগাড়ি। হঠাৎ কয়লাবোঝাই ওই মালগাড়িটির একটি বগির চাকা ভেঙে যায়। লাইনচ্যুত হয়ে যায় ট্রেনটি।বীরভূমের তারাপীঠ রোড স্টেশনের দাঙ্গল রেলগেটের কাছে সকাল ৯টা ৪৫ মিনিট নাগাদ ঘটনটি ঘটে। মালগাড়ি লাইনচ্যুত হওয়ায় বর্ধমান-রামপুরহাট আপ লাইনে ট্রেন চলাচল বন্ধ হয়ে যায়। বীরভূমে রেলস্টেশনে দাড়িয়ে পড়ে হাওড়া-ভাগলপুর বন্দে ভারত এক্সপ্রেস , শিয়ালদহ-শিলচর কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস, হাওড়া-আজিমগঞ্জ গগদেবচাঁদ এক্সপ্রেস ইত্যাদি। দুর্ভোগে পড়েছেন যাত্রীরা।

দিল্লিতে কুয়াশার দাপট অব্যাহত, বিঘ্নিত ট্রেন ও উড়ান পরিষেবা

নয়াদিল্লি, ১৮ জানুয়ারি: জমজমাট ঠান্ডায় কাঁপছে রাজধানী দিল্লি, প্রবল শীতের মধ্যেই কুয়াশার দাপটও অব্যাহত রয়েছে। শনিবারও কুয়াশার চাদরে আচ্ছন্ন থাকল জাতীয় রাজধানী দিল্লি। কুয়াশার কারণে দিল্লিতে এদিন সকালে বিঘ্নিত হয়েছে ট্রেন পরিষেবা। নতুন দিল্লি রেল স্টেশন থেকে অনেক ট্রেন দেরিতে ছেড়েছে।হন কুয়াশার কারণে শনিবার সকালে দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর থেকে বিমান পরিষেবাও প্রভাবিত হয়েছে। দিল্লির পাশাপাশি উত্তর প্রদেশও

কৃষি নিয়ে কৰ্ণাটকের দুই মন্ত্রীৰ সঙ্গে বৈঠক শিবৰাজের, লক্ষ্য ও চ্যালেঞ্জ নিয়ে হল চৰ্চা

বেঙ্গালুরু, ১৮ জানুয়ারি : কর্ণাটকের কৃষি ক্ষেত্র, কৃষির ভবিষ্য লক্ষ্য ও চ্যালেঞ্জ নিয়ে শনিবার কর্ণাটকের দুই মন্ত্রীর সঙ্গে বৈঠক করলেন কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান। কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহানকে শনিবার বেঙ্গালুরুতে স্বাগত জানানো হয়। তিনি কর্ণাটকের কৃষি ক্ষেত্রে উন্নয়ন এবং কৃষির ভবিষ্যত লক্ষ্য ও চ্যালেঞ্জ নিয়ে দুই মন্ত্রীর সঙ্গে আলোচনা করেন। বৈঠকে উপস্থিত ছিলেন কর্ণাটকের কৃষিমন্ত্রী



চালুভার্মাস্বামী এবং গ্রামোন্নয়ন মন্ত্রী প্রিয়ঙ্ক খাডগে।বৈঠকের পর কেন্দ্রীয়

কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, প্রধানমন্ত্রী আবাস

বাংলাদেশে পালানোর ছক কষছিল, পুলিশের গুলিতে মৃত্যু সাজ্জাক আলামের

রায়গঞ্জ ও ইসলামপুর, ১৮ জানুয়ারি : উত্তর দিনাজপুর জেলার গোয়ালপোখের পুলিশকে লক্ষ্য করে গুলি চালানোর ঘটনায় মূল অভিযুক্ত সাজ্জাক আলামকে গুলি করে মারল পুলিশ। শনিবার সকালে এনকাউন্টারে পুলিশের গুলিতে সাজ্জাকের মৃত্যু হয়েছে। পুলিশ সূত্রে খবর, সাজ্জাক সীমান্ত পার করে বাংলাদেশ পালানোর ছক করেছিলেন।গত বুধবার বিকেলে পুলিশকে গুলি করে পালিয়ে যাওয়ার পর সাজ্জাকের খোঁজ চলছিল। তার

সন্ধান পেতে রীতিমতো চিকুনি তল্লাশি শুরু করে পুলিশ। শনিবার পুলিশের কাছে গোপন সূত্রে খবর আসে, গোয়ালপোখের কিচকতলা এলাকায় সে রয়েছে। এরপরই সেখানে অভিযান চালায় পুলিশ। সাজ্জাককে ধরতে গেলে সে ফের পুলিশকে লক্ষ্য করে গুলি চালায়। পুলিশের পাল্টা ছোড়া গুলিতে সে গুরুতর জখম হয়। তাকে স্থানীয় হাসপাতালে নিয়ে গেলে সেখানেই তার মৃত্যু হয়। হাসপাতালে সূত্রে খবর, সাজ্জাকের শরীরে ক্ষত

অনেকটাই বেশি ছিল। তাছাড়া রক্তক্ষরণও হয়েছিল তার। শনিবার সকালে চোপড়া সীমান্ত দিয়ে পালানোর চেষ্টা করার সময়ে তাঁকে আটকাতে গুলি চালায় পুলিশ।সাজ্জাক বিচারাধীন বন্দি ছিল। ২০১৯ সালে করণদিখির পোলট্রি কারবারি সুবেশ দাস নামে এক ব্যক্তিকে খুন ও কয়েক লক্ষ টাকা ছিনতাইয়ের ঘটনায় গ্যাংস্টার সাজ্জাকের বিরুদ্ধে মামলা চলছিল। বুধবার মামলার শুনানি শেষে প্রিজন্ড ভ্যানে

অরবিন্দ কেজরিওয়ালের অগ্রগতি বিজেপিকে সাহায্য করে:অজয় মাকেন

নয়াদিল্লি, ১৮ জানুয়ারি : অরবিন্দ কেজরিওয়ালের অগ্রগতি বিজেপিকে সাহায্য করে। এমনটাই দাবি করলেন কংগ্রেস নেতা অজয় মাকেন। শনিবার এক সাংবাদিক সম্মেলনে অজয় মাকেন বলেছেন, অরবিন্দ কেজরিওয়ালের অগ্রগতি বিজেপিকে সাহায্য করে। বিজেপির বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করতে হলে কংগ্রেসকে জাতীয় স্তরে শক্তিশালী হতে হবে।অজয় মাকেন আরও বলেছেন, আমরা এএপি-র সঙ্গে জোট করে হরিয়ানা ও দিল্লি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে চেয়েছিলাম। কিন্তু অরবিন্দ কেজরিওয়াল জেল



থেকে বেরিয়ে আসার সঙ্গে সঙ্গেই তিনি যোগ্যতা করেন তারা ৯০টি আসনে (হরিয়ানার) আলাদাভাবে প্রতিদ্বন্দ্বিতা করবেন। যাত্রার দিল্লি

কাছাড়ের সোনাইয়ে

সোনাই (অসম), ১৮ জানুয়ারি: কাছাড় জেলার অন্তর্গত সোনাইয়ের বাসিন্দা জনৈক স্বামীর প্রাণঘাতী হামলার শিকার তার স্ত্রী এখন শিলচর মেডিক্যাল কলেজ হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন। ইতিমধ্যে অভিযুক্ত স্বামী ফরিজ উদ্দিন লস্করকে পুলিশ ফ্রেমতার করেছা।না গেছে, কোনও বিষয়কে কেন্দ্র করে বিবাদের জেরে গতকাল (শুক্রবার) মধ্যরাত্রে সোনাই শহর সংলগ্ন গ্রামের ১ নম্বর

ওয়ার্ডের বাসিন্দা প্রয়াত হোসেন রাজা লস্করের তৃতীয় ছেলে ফরিজ উদ্দিন লস্কর তার স্ত্রী মনোয়ারা বেগমের ওপর ধারালো অস্ত্র (সবজি কাটার দা) দিয়ে হামলা করে। দায়ের কোপ পড়ে মনোয়ারার মাথায়। রংঘরদেহী স্বামীর হামলা থেকে প্রাণ বাঁচতে রক্তাক্ত মনোয়ারা দৌড়ে লাগোয়া একটি বাড়িতে গিয়ে আশ্রয় নেন।ঘটনার প্রত্যক্ষদর্শী প্রতিবেশীরা খবর দেন সোনাই থানায়। খবর পেয়ে ওসি বিশ্বজি নাথ পুলিশের দল

নিয়ে ঘটনাস্থলে গিয়ে গুরুতরভাবে আহত মনোয়ারা বেগমকে উদ্ধার করে শিলচর মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানোর ব্যবস্থা জানে। ইত্যবসরে পুলিশ অভিযুক্ত ফরিজ উদ্দিন লস্করকে আটক করে থানায় নিয়ে যায়। সঙ্গে হামলায় ব্যবহৃত দা বাজেয়াপ্ত করে পুলিশ।জানা গেছে, আজ সোনাই থানায় মনোয়ারা বেগমের বাপের বাড়ির পক্ষ থেকে ফরিজ উদ্দিন লস্করের বিরুদ্ধে এক্সআইআর দায়ের

স্বামিত্ব ও ভূ-আধার, এই দু’টি ব্যবস্থাই গ্রামোন্নয়নের ভিত হয়ে উঠতে চলেছে: প্রধানমন্ত্রী



কনফারেন্সের মাধ্যমে স্বামীত্ব যোজনার আওতায় দেশের ১০টি রাজ্য এবং দু’টি কেন্দ্রশাসিত অঞ্চলের বহু মানুষের হাতে তাঁদের ভূ-সম্পত্তির মালিকানার দলিল

স্বরণ ৬৫ লক্ষেরও বেশি সম্পত্তি

কার্ড বিতরণ করা হয়েছে। এই

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেছেন, এখন

সম্পত্তির অধিকার পাওয়ার ফলে

গ্রাম পঞ্চায়েতগুলির সমস্যারও

যোজনার অধীনে ৪ লক্ষেরও বেশি বাড়ি বরাদ্দ করা হচ্ছে। এই আর্থিক বছরে, আমরা প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে প্রায় ৭.৫ লক্ষ বাড়ি কর্ণাটকে দিয়েছি। কর্ণাটক যান্ত্রিকীকরণ প্রকল্পের জন্য আরও ত হবিল চেয়েছে, যেখানে কৃষকদের কৃষি যান্ত্রিকীকরণের জন্য ভর্তুকি দেওয়া হয়। আমি তাঁদের আগে ছেড়ে দেওয়া ত হবিলগুলি ব্যবহার করতে বলেছি এবং আমরা অতিরিক্ত তহবিল ছাড়ার জন্য কাজ করব।

চাপিয়ে সাজ্জাক-সহ মোট

তিনজনকে রায়গঞ্জ সেন্ট্রাল

জেলে ফিরিয়ে নিয়ে যাওয়া

হচ্ছিল। পাঞ্জিপাড়ায় ৩১ নম্বর

জাতীয় সড়কে একরচালা কালী

মন্দিরের কাছে এসে শৌচাগারে

যাওয়ার জন্য পুলিশ কর্মীদের

জানায় সাজ্জাক। শৌচকার্য সেরে

ফিরে আসা মাত্রই সে গায়ে

জড়ানো কন্সল সরিয়ে পিস্তল বের

করে পুলিশ কর্মীদের লক্ষ্য করে

পরপর গুলি চালায়। এরপরই

সেখান থেকে সে চম্পট দেয়।

করাবো।অজয় মাকেন বলেছেন,

শীলা দীক্ষিত যখন মুখ্যমন্ত্রী

ছিলেন, কংগ্রেস দিল্লিতে ৭টি

লোকসভা আসন জিতেছিল। কিন্তু

দিল্লিতে এএপি সরকার ক্ষমতায়

আসার পর, বিপরীত ঘটছে। ৭টি

লোকসভা আসনের সবকটিতেই

জঘী বিজেপি। তাহলে বিজেপির

সঙ্গে কে? অজয় মাকেন বলেছেন,

২০১৪ সালে তাদের (এএপি)

সমর্থন করা এবং ২০২৪ সালে

তাদের (এএপি) সঙ্গে জোটে

যাওয়া, এই দু’টি সিদ্ধান্তের

কারণে দিল্লির জনগণ বিশাল


ক্ষতির সম্মুখীন হয়েছে।

১৯ জানুয়ারি মন কি বাত-এর ১১৮-তম পর্ব, অগ্রহাষিত দেশবাসী



নয়াদিল্লি, ১৮ জানুয়ারি: প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ১৯ জানুয়ারি, রবিবার মাসিক মন-কি-বাত অনুষ্ঠানে দেশ-বিদেশের মানুষের সঙ্গে নিজের চিন্তাভাবনা ভাগ করে নেবেন। ১৯ জানুয়ারি (রবিবার) আবারও শোনা যাবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাসিক বেতার অনুষ্ঠান মন-কি-বাত। এবারের মন-কি-বাত অনুষ্ঠানটি হবে ১১৮-তম পর্ব। ২০২৫ সালে এটাই প্রথম মন-কি-বাত অনুষ্ঠান।১৯ জানুয়ারি, রবিবার বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেলে এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ্, প্রধানমন্ত্রীর দফতর এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইটে ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত অনুষ্ঠান সম্প্রচারিত হবে। প্রতিবারের মতো এবারও প্রধানমন্ত্রী মোদি মন-কি-বাত অনুষ্ঠানে কী বক্তব্য রাখেন, তা জানার অপেক্ষায় সমগ্র দেশবাসী।

জঙ্গলে ফিরেছে বাঘ! নদীর পারে পায়ের ছাপ দেখে দাবি বনকর্মীদের



মৈপীঠ, ১৮ জানুয়ারি : অবশেষে আজমলমারি-১ নম্বর জঙ্গলে ফিরল বাঘ। স্বস্তি মিলল দক্ষিণ ২৪ পরগনার মৈপীঠের হাটাপাড়া গ্রামে। শনিবার সকালে জোয়ারের জল জঙ্গলে না আসায় তল্লাশির কাজ সহজ হয় বন দফতরের কর্মীদের। পায়ের ছাপ পর্যবেক্ষণের সময় দেখা যায়, নদীর দিকে চলে গিয়েছে পায়ের ছাপ। পাশাপাশি, নৌকা নিয়ে ওপারের জঙ্গলের কাছে নদীর চরে পায়ের ছাপ দেখে বনকর্মীরা। তারপরই জানা যায় বাঘ জঙ্গলে চলে গিয়েছে।বারবার লোকালয়ে বাঘ চলে আসায় আতঙ্কিত হয়ে পাচ্ছেন স্থানীয় মানুষজন। গত কয়েকদিনে অন্তত পাঁচবার জঙ্গল থেকে বাঘ বেরিয়ে মৈপীঠের এই লোকালয়ে চলে এসেছে। এর মধ্যে একটি বাঘকে বন দফতর খাঁচা পেতে ধরে জঙ্গলে ছেড়েও দেয়। বার বার গ্রামে বাঘ ঢুকে পড়ায় সমস্যায় পড়েছেন গ্রামবাসীরা।

সইফকে হামলার পর হেডফোন কিনেছিল অভিযুক্ত, সিসিটিভি ফুটেজ দেখছে পুলিশ

মুম্বই, ১৮ জানুয়ারি :অভিনেতা সইফ আলি খানকে হামলার পর দাদরের একটি মোবাইল দোকান থেকে হেডফোন কিনেছিল সম্ভেহভাজন অভিযুক্ত। মুম্বই পুলিশের অপরাধ দমন শাখা তদন্তের খাঁচা পেতে ধরে জঙ্গলে সিসিটিভি ফুটেজ সংগ্রহ করেছে এবং সেই সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখেছে।ক্রাইম ব্রাঞ্চে অফিসাররা দাদরের কনুতরখানা এলাকা পরিদর্শন করেছেন এবং ইকরা নামের একটি মোবাইল দোকান থেকে সিসিটিভি ফুটেজ সংগ্রহ করেছেন, ওই দোকান থেকেই অভিনেতা সইফ আলি খানকে আক্রমণ করার পর হেডফোন কিনেছিল অভিযুক্ত। ইকরা দোকানের মালিক হাসান বলেছেন, অনেক অফিসার এসেছিলেন, তারা অনেক প্রশ্ন করেননি। শুধু সিসিটিভি ফুটেজ সংগ্রহ করেছেন, দেখেছেন এবং চলে গিয়েছেন।

মহারাষ্ট্রকে দেশের মধ্যে অন্যতম নিরাপদ রাজ্য বিবেচনা করা হয়:প্রফুল প্যাটেল



মুম্বই, ১৮ জানুয়ারি : অভিনেতা সইফ আলি খানের ওপর হামলার ঘটনার প্রেক্ষিতে যখন বিরাোধীরা মহারাষ্ট্র সরকারের তীব্র সমালোচনা করছেন। এমনই সময় এনসিপি নেতা প্রফুল প্যাটেল দাবি করলেন, মহারাষ্ট্রকে দেশের মধ্যে অন্যতম নিরাপদ রাজ্য বিবেচনা করা হয়। শনিবার প্রফুল প্যাটেল বলেছেন, আমরা যদি আইন-শৃঙ্খলার কথা বলি, মহারাষ্ট্রকে দেশের মধ্যে অন্যতম নিরাপদ রাজ্য হিসাবে বিবেচনা করা হয়।প্রফুল প্যাটেল আরও বলেছেন, রাজ্য পুলিশ এবং সরকারের সবসময় কঠোর ব্যবস্থা নিতে প্রস্তুত। মুম্বইয়ে যে ঘটনটি ঘটেছে (অভিনেতা সইফ আলি খানের ওপর আক্রমণ), এই ঘটনায় ব্যবস্থা নেওয়া হচ্ছে। আমরা আশা করছি, তিনি শীঘ্রই সুস্থ হয়ে উঠবেন। মামলার তদন্ত পুরোদমে চলছে। কিন্তু একটি ঘটনার কারণে পুরো রাজ্যে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি হয়েছে তা বাবা ভুল।

রক্ষণাবেক্ষণের কাজের জন্য এক জোড়া স্থানীয় ইএমইউ বাতিল

কলকাতা, ১৮ জানুয়ারি : রেলের রক্ষণাবেক্ষণের কাজের জন্য রবিবার এক জোড়া স্থানীয় ইএমইউ ট্রেন বাতিল করা হয়েছে।প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, রেলওয়ে ব্যবস্থার নিরাপদ ও দক্ষ পরিচালনা নিশ্চিত করার জন্য পর্যায়ক্রমিক ট্রাক এবং সিগন্যাল এবং টেলিকম সরঞ্জাম রক্ষণাবেক্ষণের কাজ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই কাজ নিয়মিত এবং পদ্ধতিগত রক্ষণাবেক্ষণ বিয় এবং বিলম্ব রোধ করতে সাহায্য করে, ট্রেনগুলিকে সময়সূচী অনুযায়ী চালানো নিশ্চিত করে এবং রেলওয়ের পরিকাঠামোর আয়ু বৃদ্ধি করে। ট্রেন পরিচালনার সামগ্রিক নিরাপত্তা এবং নির্ভরযোগ্যতায় অবদান রাখে।রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয়তার কথা মাথায় রেখে রবিবার হাওড়া বিভাগে ট্রাফিক ও পাওয়ার ব্লকের পরিকল্পনা করা হয়েছে। এর ফলে রবিবার তারেকেশ্বর থেকে ৩৭৩৩৪ এবং হাওড়া থেকে ৩৭৩৩৪ ট্রেন বাতিল করা হবে।রবিবার ৩৭৭৪৯ ব্যান্ডেল - কাটোয়া লোকাল ১২ঃ ১৫-র দলকে হাওড়ার দাডবে ১২ঃ৪৫ টায়।৭৩৬৪ গোঘাটা - হাওড়া লোকাল বেলা ১টা ১০-এর বদলে ছাড়বে বেলা ১টা ২০-তে।

দুর্ঘট্ত বার্তা

পল্লীর শতাব্দী প্রাচীন আদিবাসী মেলা

বাঁকু ডা, ১৮ জানুয়ারি:বাঁকু ডা জেলার ওগদা ব্লকের মানডিহা গ্রাম সংলগ্ন তালারপাড়া আদিবাসী পল্লী। মকর সংক্রান্তি উপলক্ষ্যে তালারপাড়া আদিবাসী পল্লীর ফুটবল মাঠে শুরু হয়েছে শতাব্দী প্রাচীন আদিবাসীদের বিশেষ আকর্ষণীয় মেলা।এই মেলায় আশেপাশের আদিবাসী গ্রাম থেকে প্রচুর মানুষের সমাগম ঘটে। এই মেলাার বিশেষ আকর্ষণ হলঃ- আদিবাসী ছেলেদের গরম তেলে হাত ডুবিয়ে গুড়পিঠা ভাজা। সেই গরম তেল হাতে তুলে নিয়ে তারা পুরো শরীরে মাখিয়ে নেন। গুড়পিঠা ভাজা দেখার জন্য আশেপাশের গ্রাম থেকে প্রচুর লোকজন ভিড় জমা়। এই বিরল দৃশ্য দেখার জন্য উপচে পড়া ভিড়ের মধ্যেও শত শত ছেলে মেয়ে অধীর আগ্রহে অপেক্ষা করে।এছাড়া আদিবাসী মহিলাদের ধরাসা আর মালদের তালে তালে নাচ দেখার জন্য কাতারে কাতারে

আবহাওয়া

আগামী কয়েকদিন বেশ কয়েক ডিগ্রি পারদ পতন হবে বলে ইঙ্গিত হাওয়া অফিসের। পূর্বাভাস, আগামী ২৪ ঘণ্টায় দক্ষিণবঙ্গের একাধিক জেলায় তাপমাত্রা বেশ কয়েক ডিগ্রি নামতে পারে। রাতের তাপমাত্রাতেও পতন হতে পারে। কলকাতায় বৃহস্পতিবার তাপমাত্রা ১৩ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা। সারাদিনিই মূলত শীতের কনকনে ডাব অনুভূত হবে। বৃহস্পতিবার ভোরে কিছু জায়গা কুয়াশাচ্ছন্ন হলেও, বেলায় পরিষ্কার থাকবে আকাশ। দিনের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা যথাক্রমে ২১ ডিগ্রি এবং ১২ ডিগ্রির আশেপাশে থাকবে। বাতাসে আপেক্ষিক আর্দ্রতার পরিমাণ সর্বোচ্চ ৯২ শতাংশ, সর্বনিম্ন ৫৪ শতাংশ।জোয়ার-সকাল ৮ টা ৫৫ মিনিট এবং রাত ০৮টা ৫৫ মিনিট। ভাটা-সকাল ৮ টা ৫৫মিনিট এবং রাত ২ টা ৫৫মিনিট। সূর্যোদয় সকাল ৬টা ০২মিনিট এবং অস্ত ৪টা ৫৯মিনিট

পূর্ণাঙ্গ পাণ্ডকা

৫মাঘ ১৪৩১ বঙ্গাব্দ, রবিবার, ইংরেজী ১৩ জানুয়ারি ২০২৫, ৫৮৮ চৈতন্যাব্দ, কলিঃ৫১২৫, সৌরঃ২ মাঘ, চান্দ্রঃ ১২ মাঘব মাস, ১১৪৬ শকাব্দ ২০৮১ বিক্রম সাংব্দ, ২৫৬৮ বুঝালঃ, বাংলাদেশঃ ২ মাঘ ১৪৩১, ভারতীয় সিংলিঃ ৩ মাঘ ১৯৪৬, মৈতৈঃ১২ বাকচিং, আসামঃ২৬ পুহ, মৌলিঃমঃ১১-রজঃ-১৪৪৬ হিজরী।জী৮ মৃদ্বাসিনীসূর্য উদয়ঃসকাল ০৬ঃ২১১৬ এবং অস্তঃবিকাল ০৫ঃ০৭২৯।চান্দ্র উদয়ঃপুপুর ০২ঃ৩০৩৭(১১) এবং অস্তঃশেষ রাত্রি ০৪ঃ৪৯ঃ ৪২(১১)।শুক্র পক্ষ তিথিঃ ত্রয়োদশী (জয়া) শেষ রাত্রি ৩ঃ৫ঃ৮৫ঃ১২ দং ৫৯১৫ঃ২৫ পর্যন্তক্ষত্রঃ রোহিণী দপুঃ ০০ঃ১৮ঃ২১ দং ১৪৫ঃ২২৭.৫ পর্যন্ত পরে মৃগশিরাকরণঃকৌলব রাত্রিঃ০৬ঃ ৪৬ঃ৬২ দং ৩১২৪০ পর্যন্ত পরে তৈলিঃযোগঃশুক্র দপুঃ ০০ঃ০৩ঃ ৩৭ দং ১৪১৫৩৭.৫ পর্যন্ত পরে ব্রহ্মঅমৃতযোগঃদিন ০৬ঃ২১২২ থেকে - ০৭ঃ০৪ঃ২৭ পর্যন্ত, তারপর ০৭ঃ৪৭ঃ৩২ থেকে - ০৯ঃ৫৬ঃ৪৬ পর্যন্ত, তারপর ১২ঃ০৬ঃ০১ থেকে - ০২ঃ৫৮ঃ২০ পর্যন্ত, তারপর ০৩ঃ ৪১ঃ২৫ থেকে - ০৫ঃ০৭ঃ৩৫ পর্যন্ত এবং রাত্রি ০১ঃ৩৩ঃ৫১ থেকে - ০২ঃ৪৯ঃ৪১ পর্যন্তমহেন্দ্রঃযোগঃ রাত্রি ০২ঃ৪৯ঃ৪১ থেকে - ০৩ঃ ৪২ঃ৩৭ পর্যন্ত।কুলিকবেলাঃদিন ০৭ঃ০৪ঃ২৭ থেকে - ০৭ঃ৪৭ঃ৩২ পর্যন্ত।কুলিকরাত্রিঃ০৫ঃ০৭ঃ৩৫ থেকে - ০৬ঃ০০ঃ৩০ পর্যন্ত।বারবেলাঃদিন ০১ঃ০৫ঃ১৫ থেকে - ০২ঃ২৬ঃ০২ পর্যন্ত। কালবেলাঃ দিন ০৬ঃ২১ঃ২২ থেকে - ০৭ঃ৪২ঃ ০৯ পর্যন্ত, তারপর ০৩ঃ৪৬ঃ৮৫ থেকে - ০৫ঃ০৭ঃ৩৫ পর্যন্ত। কালরাত্রিঃ০৫ঃ০৭ঃ৩৫ থেকে - ০৬ঃ৪৬ঃ৮৫ পর্যন্ত, তারপর ০৪ঃ ৪২ঃ০৯ থেকে - ০৬ঃ২১ঃ২২ পর্যন্ত।গ্রহঃফুট (সূর্য উদয় কালীনাঃ) রবিঃ৮২৭৩২৫ (২১) ১ পদস্কন্ডঃ ২৩ঃ৪২ (৫) ৩ পদমঙ্গলঃ ৩৪ঃ০১৭ (৮) ১ পদবৃঃ৮১০৯৭ (১৯) ৪ পদবৃঃপতিঃ১১৫১৩ (৪) ৩ পদস্ক্রঃ১০১৩৩০১১ (২৪) ৩ পদশনিঃ১০১১২৪৬ (২৪) ৪ পদরাঘঃ১১৯০১ (২৬) ২ পদকৈঃ৩ঃ৫১০১ (১২) ৪ পদঙ্গলঃ বক্রিঃবৃহস্পতিঃ বক্রিঃলগ্নঃধনু রাশি সকাল ০৬ঃ৩৪ঃ৪৬ পর্যন্ত। মকর রাশি সকাল ০৮ঃ২১ঃ৪৭ পর্যন্ত।কৃন্ত রাশি সকাল ০৯ঃ৫২ঃ১১ পর্যন্ত। মীন রাশি সকাল ১১ঃ২৬ঃ১৬ পর্যন্ত। মেঘ রাশি দুপুর ০১ঃ০৬ঃ৫০ পর্যন্ত। বৃষ রাশি দুপুর ০৩ঃ০৫ঃ৪৩ পর্যন্ত। মিথুন রাশি বিকাল ০৫ঃ১৪ঃ৩২ পর্যন্ত। কর্কট রাশি বিকাল ০৭ঃ৪৪ঃ ১৪ পর্যন্ত। সিংহ রাশি রাত্র ০৯ঃ ৪৫ঃ৩৫ পর্যন্ত।কন্যা রাশি রাত্র ১ঃ ৫ঃ৫৪ঃ পর্যন্ত।তুলা রাশি রাত্রি ৩ঃ৫ঃ১০ঃ৫৬ পর্যন্ত।শেষ রাশি

সুন্দরবনের দক্ষিন রায় বারবার লোকালয়ে কেন কারন অনুসন্ধানে বন দফতর

সুন্দরবন রায় বারবার লোকালয়ে আসছে কেন কারন অনুসন্ধানে বন দফতর।গত ১৫ দিনে ৫ বার।

উজ্জ্বল বন্দোপাধ্যায়, কুলতলি, ১৮ জানুয়ারিঃ সুন্দরবনে দক্ষিন রায় বার বার লোকালয়ে আসছে কেন কারন অনুসন্ধানে বন দফতর।গত ১৫ দিনে ৫ বার। আবার ও মৈপীঠে বাঘের আতঙ্ক। কেন বারবার রয়্যাল বেঙ্গল টুকছে মৈপীঠে ? এবার ঘটনাস্থল নগেনাবাদ এলাকার পাইকপাড়া সংলগ্ন জঙ্গল লাগোয়া লোকালয়ে। বন দফতরের অনুমান, রয়্যাল বেঙ্গল টাইগার বেরিয়েছিল আজমলমারি ১ নং জঙ্গল থেকে। নয়তো বা আজমলমারি ১১নং জঙ্গল থেকে। তারপর মাগরি বা ঠাকুরাণ নদী পেরিয়ে লোকালয়ের কাঞ্চাকাছি চলে আসে। এই রাস্তার দূরত্ব মেরে কেটে ৩০০ মিটার। এই রুটেই বারবার আসছে বাঘ। কেন বার বার আসছে বাঘ?বন দফতরের এক অধিকারিক বলেন, ঘন জঙ্গল থেকে লোকালয় সংলগ্ন জঙ্গলের দূরত্ব কম থাকা একটি কারণ। তাছাড়া এখন ঘন কুয়াশা। বাঘ দিকভ্রষ্ট হচ্ছে। জঙ্গল থেকে বেরিয়ে নদীকে ভেবে নিচ্ছে খাঁড়ি। তারপর চিনতে না পেরে জঙ্গল থেকে বেরিয়ে সোজাঙ্গি না গিয়ে দূরে লোকালয়ের দিকে এসে জঙ্গলে উঠছে। তবে জঙ্গলে বাঘের খাবার কম পড়ছে এ তথ্য ঠিক নয়। ওরা জঙ্গল থেকে বেরিয়ে খাঁড়ির পথে ঢুকছে। জঙ্গলে পেতে রাখা



জাল কাটা থাকছে। তাই বাঘের পক্ষে ঢোকা বেরনো সহজ হয়ে যাচ্ছে। মৈপীঠের ভুবনেশ্বরী, বৈকুণ্ঠপুর, কিশোরীমোহনপুর, নগেনাবাদ, পঙ্গার ঘাট এলাকায় অধিকাংশ জায়গাতেই জাল কাটা অবস্থায় পড়ে রয়েছে। কাঁকড়া ধরতে গিয়ে তা কেটে দিচ্ছেন মৎসজীবীদের একাংশ। একই রুটে চলে আসার প্রাথমিক কারণ মনে হচ্ছে, আজমলমারি এক, তিন, চার, ১১, ১২ নংজঙ্গল থেকে বেরিয়ে লোকালয়ের কাছে চলে আসছে। সেখানে চিত্তুরির মুখ, চা পাতার ঘাট, লিথুনাইয়ার ঘাটের দিকে থাকা লোকালয়ের কাছে জঙ্গল নেই। অন্যদিকে, যে লোকালয় সংলগ্ন জঙ্গলে বাঘ ঘাটি গাঁরছে সেখানে প্রচুর বন্যপ্রাণী

আছে। বন শুয়োর, বন বিড়ালের দেখা মেলে। এখানে খাবার পাওয়ার আশায় চলে আসছে বাঘ। পাশাপাশি,লোকালয় সংলগ্ন জঙ্গলের কাছে মরা গৃহপালিত পশু ফেলেন গ্রাম বাসীরা। সে গুলির টানেও চলে আসছে তারা। তারপর সহজে খাবার পেয়ে যাওয়ায় একবার এই জঙ্গলে এসে পড়লে নড়তে চায় না দক্ষিন রায়। রায়দিথি রেঞ্জে গত কয়েক দিনে সতেরোটি বাঘের দেখা মিলেছিল। তার মধ্যে বেশির ভাগেরই বসবাস ওই জঙ্গল গুলিতে। কারণ যাই হোক, যখন তখন বাঘ ঢুকে পড়ার আতঙ্ক গ্রামবাসীদের কোনও ভাবেই দূর হচ্ছে না। বন দফতরের আরও কড়া পদক্ষেপ নেওয়ার দাবি জানিয়েছেন তাঁরা।

জমজমাট ভাবে শুরু হলো উলুবেড়িয়া বইমেলা



মতিয়ার রহমান,উলুবেড়িয়া, ১৮ জানুয়ারিঃ বইয়ের জন্য বইমেলা এই উক্তিটিকে স্মরণ করে জমজমাট ভাবে শুরু হলো উলুবেড়িয়া বইমেলা। এবারের বইমেলার থিম ভাষা দিয়ে সম্ভ্রীতি গড়ব। শনিবার বিকালে উলুবেড়িয়া পৌরসভার পৌর প্রাঙ্গণে উলুবেড়িয়া পৌরসভার এবং স্থানীয় গ্রন্থাগারের উদ্যোগে পায়রা উড়িয়ে, প্রদীপ প্রজ্জ্বলন ও ঘন্টা বাজিয়ে সপ্তাহ ব্যাপী বইমেলা উদ্বোধন করেন রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি ও পূর্তমন্ত্রী পুলক রায়। উদ্বোধন করে মন্ত্রী পুলক রায়

বলেন ডিজিটালের যুগে যেমনভাবে বই পড়ার অভাস কম যাচ্ছে, কিন্তু অভিভাবকদের কাছে অনুরোধ নতুন প্রজন্মের কাছে বই পড়ার অভাস বেশি করে চালু করতে হবে। একাধিক বিদ্যালয়,শিক্ষা প্রতিষ্ঠান ও উলুবেড়িয়া কলেজের ছাত্র ছাত্রীদের নিয়ে উলুবেড়িয়া কলেজ মোড় থেকে শুরু হয় বইয়ের জন্য বিভিন্ন প্র্যাকার্ড হাতে নিয়ে পদযাত্রা। পদযাত্রায় ছাত্রছাত্রীদের সঙ্গে হাটেন উলুবেড়িয়া পৌরসভার পৌর প্রধান অভয় কুমার দাস উপপৌরপ্রধান সেন্থ ইনামুর রহমান চেয়ারম্যান ইন

লেনিনগড় শিক্ষা নিকেতন হাই স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ঘিরে পড়ুয়া শিক্ষক শিক্ষিকা অভিভাবক দের উন্মাদনা উচ্ছ্বাস

দূরন্ত বার্তা, নববারাকপুর, ১৮ জানুয়ারিঃ পড়াশোনার পাশাপাশি ছেলে মেয়েদের খেলাধুলো শরীরচর্চার মধ্যে দিয়ে মানসিক বিকাশে ক্রীড়া জগতে মানোন্নয়নে প্রতি বছরের মতো এবছর ও শনিবার লেনিনগড় শিক্ষা নিকেতন উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হল স্থানীয় বিদ্যালয় সংলগ্ন ময়দানো। ৬৮ টি বিভিন্ন বিভাগে প্রায় দুশোর উপর ছেলে মেয়েরা অংশগ্রহণ করে ক্রীড়া প্রতিযোগিতায়। লং জাম্প হাই

জাম্প যেমন খুশি সাজো ১০০ ও ২০০ মিটার দৌড় মিউজিক্যাল চেয়ার ভিন্ন মজাদার প্রতিযোগিতা ঘিরে শিক্ষক শিক্ষিকা শিক্ষানুরাগী অভিভাবক দের উন্মাদনা উচ্ছ্বাস ছিল চোখে পড়ার মতো এদিন। শুরুতে জাতীয় এবং বিদ্যালয়ের, স্ক্রুটিটের পতাকা উত্তোলন করেন বিলকাশা ২নং গ্রাম পঞ্চায়েতের প্রধান দীপা পাইক, বিদ্যালয়ের প্রধান শিক্ষক স্বপন কুমার রায়, স্ক্রুটিটের শিক্ষক দীপক মন্ডল, বিদ্যালয় পরিচালন সমিতির

সভাপতি বিদ্যুৎ কুমার পাল প্রমুখ। ছিল মশাল দৌড় মাঠ পরিক্রমা, পিরামিড নৃত্য পরিবেশন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক স্বপন কুমার রায় জানান বিদ্যালয়ের ছেলে মেয়েদের খেলাধুলোর দিকে যোক বেশি। জেলা ও রাজ্য স্তরে কবাডি যোগা ও ও বেশ ভালোে সাড়া ফেলেছে বিদ্যালয়ের ছেলে গেলিরা। শুধু মাত্র পড়াশোনার গতির নয় খেলাকে এগিয়ে নিয়ে যেতে উৎসাহিত করতে এই বিশেষ সাধারণ ক্রীড়া প্রতিযোগিতা ঘিরে

পড়ুয়াদের যথেষ্ট উৎসাহ উদ্দীপনা থাকে। উপস্থিত ছিলেন স্বর্ন পদক প্রাপ্ত আন্তর্জাতিক ক্রীড়াবিদ বনানী বিশ্বাস, বিদ্যালয়ের জাতীয় ক্রীড়াবিদ সায়ন্তিকা মিত্র, হুমায়ুন কবির, অ্যাথলিট মুখিকা রায়, ব্যারাকপুর ২ পঞ্চায়েত সমিতির সভাপতি প্রবীর রায়বংশী, কর্মাধ্যক্ষ মন্ডল দাস, সংগঠক কমল চক্রবর্তী, বাসুদেব মজুমদার, ক্রীড়া শিক্ষক সুব্রত গায়েন, পঞ্চায়েত সমিতির সদস্যরা ও শিক্ষক শিক্ষিকারা প্রমুখ।



পশ্চিমবঙ্গ রাজ্য হস্তশিল্প মেলা উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সৃষ্টিত বসু চন্দ্রনাথ সিনহা তাজমুল হোসেন, কৃষ্ণা চক্রবর্তী। ছবি সৌরভ দত্ত

‘ন্যায়ের পথে একটি গুরুত্বপূর্ণ প্রথম পদক্ষেপ’, মন্তব্য বিজেপি-র মালব্যর

কলকাতা, ১৮ জানুয়ারিঃ “আর জি কর-কাণ্ডে সঞ্জয় রায়ের দেশী সাবাস্ত হওয়া ন্যায়ের পথে একটি গুরুত্বপূর্ণ প্রথম পদক্ষেপ।” শনিবার বিজেপির কেন্দ্রীয় নেতৃত্বও রায়ের প্রতিক্রিয়া এরকমই। দলের আই টি সেলের প্রধান অমিত মালব্য জানিয়েছেন, “কলকাতা পুলিশ বা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, যারা প্রমাণ লোপাটে এবং অপরাধ চাপা দেওয়ার চেষ্টায় যুক্ত ছিলেন, এই সাজা যোগ্যও তাঁদের দোষস্থালন করছে না।” রাজ্য বিজেপির সভাপতি সুকান্ত মজুমদার বলেনছেন, “আমরা চাইব সর্বোচ্চ সাজা হোক।” কিন্তু শুধু সঞ্জয়ের নয়, আরও অনেকেইর সাজা হওয়ার কথা ছিল বলে ইঙ্গিত সুকান্তবাবু। তার কথায়, “যে পাঁচ দিন কলকাতা পুলিশের হাতে তদন্তের ভার ছিল, সেই পাঁচ দিনে কী কী তথ্যপ্রমাণ কোথায় গিয়েছে, তা নিয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। যদি সঠিক তথ্যপ্রমাণ থাকত, তা হলে আরও কী কী হত, তা এখন আর বোঝার উপায় নেই।”

বাঘাযতীন-কাণ্ডে যাদবপুরে শুভেন্দুর সমাবেশ ও পথ পরিক্রমা, মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি

কলকাতা, ১৮ জানুয়ারি ঃ বাঘাযতীনে বাড়ি হেলে যাওয়া কাণ্ডের প্রেক্ষিতে যাদবপুরে সমাবেশ করলেন পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তিনি মুখ্যমন্ত্রীর পদত্যাগ ও কলকাতার মেয়রের গ্রেফতারেরও দাবি করলেন। বিজেপি-র প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, “দুর্নীতিগ্রস্ত পৌর-প্রতিনিধি ও দলদাস পুলিশের যোগসাজশে অবৈধ প্রোমোটার রাজ

ও বেআইনি বহুতল আবাসন নির্মাণে দুর্নীতির প্রতিবাদে, মুখ্যমন্ত্রীর পদত্যাগ ও কলকাতার মেয়রের গ্রেফতারের দাবিতে যাদবপুর সাংগঠনিক জেলা বিজেপি'র ডাকে ভেঙ্গে পড়া বাড়ি দর্শন করে প্রতিবাদ মিছিল ও প্রতিবাদ সভায় অংশগ্রহণ করলেন শুভেন্দু অধিকারী। সমাবেশে ভাষণ দেওয়া ছাড়াও এলাকার পথ পরিক্রমায় অংশ নেন শুভেন্দুবাবু। সঙ্গীদের হাতে ছিল বিজেপি-র

পতাকা এবং নানা শ্লোগান-সম্বলিত পোস্টার।

‘ভারতমাতা কি জয়’, ‘জয় শ্রীরাম’, ‘অবৈধ প্রমোটার রাজ্যের বিরুদ্ধে লড়তে হবে এক সাথে’, ‘কটমানির সরকার আর নেই দরকার’, ‘বেআইনি নির্মাণ, কার স্বার্থে মুখামন্ত্রী জবাব দাও’, ‘সিন্ডিকেটের সরকার আর নেই দরকার’, ‘কলকাতার মেয়রের গ্রেফতার চাই, প্রভৃতি নানা ধরনের শ্লোগান দেন তাঁরা।

২১ জানুয়ারি হেদুয়া থেকে ধর্মতলা পর্যন্ত মিছিলের ডাক এসইউসিআই-এর

কলকাতা, ১৮ জানুয়ারি ঃ আগামী মঙ্গলবার, ২১ জানুয়ারি হেদুয়া থেকে ধর্মতলা পর্যন্ত মিছিল ও প্রতিবাদ সভার ডাক দেওয়া হয়েছে এসইউসিআই-এর তরফে। দলের রাজ্য কমিটির তরফে শনিবার এক সাংবাদিক সম্মেলনে এ নিয়ে বিস্তারিত জানানো হয়েছে। তাদের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে,

মহিলাদের উপর অত্যাচার হচ্ছে, স্বাস্থ্য ব্যবস্থার জঙ্কল দশা বেরিয়ে পড়েছে রাজ্য জুড়ে, নিজের শেখ ও গাফিলতি ঢাকতে রাজ্য সরকার বলির পাঠা করছে চিকিৎসকদের। পাশাপাশি এ রাজ্যে বিদ্যুতের মূল্যবৃদ্ধি, শিক্ষা ব্যবস্থায় দুর্নীতি, চা

- বাণান বন্ধ এবং থেকে কলকাতা যোরাতে ব্যস্ত মুখ্যমন্ত্রী, এমনটাই

অভিযোগ তাঁদের। দলের তরফে রাজ্য নেতৃত্ব জানান, এ সব নিয়ে গণ আন্দোলন দরকার। সেইজন্য আগামী ২১ জানুয়ারি সুবিচারের দাবিতে এক প্রতিবাদ সভা শেষে হেদুয়া থেকে ওইদিন দুপুরে শুরু হবে মহামিছিল।

ধর্মতলায় গিয়ে তা শেষ হবে বলে জানানো হয়েছে।

হাওড়ায় এমএলএ কাপ এর উদ্বোধন, উপস্থিত ক্রীড়ামন্ত্রী, বাংলার ছেলেদের নিয়ে খেলার আহ্বান

হাওড়া, ১৮ জানুয়ারিঃ হাওড়ায় দাসনগরের আরতি কটন মিলের মাঠে আমন্ত্রণমূলক এমএলএ কাপ ক্রিকেট প্রতিযোগিতার উদ্বোধন হলো। উপস্থিত ছিলেন রাজ্যের ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস। বাংলার ছেলেদের নিয়ে খেলার আহ্বান জানান মন্ত্রী। শনিবার সকালে হাওড়ার শিবপুর বিধানসভা কেন্দ্রের আরতি কটন মিলের মাঠে আমন্ত্রণমূলক এমএলএ কাপ ক্রিকেট প্রতিযোগিতায় অংশ নিয়ে মন্ত্রী অরূপ বিশ্বাস বলেন, আমি মনোজ তিওয়ারিকে অভিনন্দন জানাব। মনোজ ভারতীয় ক্রিকেটের প্রাক্তন তারকা।

ক্রিকেটের প্রতি মনোজের ভালোবাসা সবথেকে বেশি। সব জায়গায় দেখি এমএলএ কাপ ফুটবলকে ঘিরে হয়। এখানে দেখছি এমএলএ কাপ ক্রিকেটকে ঘিরে হচ্ছে। যেহেতু ক্রিকেটকে ঘিরেই মনোজ তিওয়ারির উঠে আসা, মনোজ আজকে মনোজ তিওয়ারি হয়েছে ক্রিকেটের জন্যই। ওর কাছে আমি একটা আবেদন করেছিলাম, এছাড়া গত এক বছর ধরে আইএফের কাছে ফুটবলেও আবেদন করছি যে বাংলার ছেলেদের নিয়ে খেলতে হবে। সম্ভব্য ট্রফি

চ্যাম্পিয়ন হলে আজকে যে গর্ব হয়েছে আমরা ভারত সেরা হয়েছি, বাংলার ছেলেদের সংখ্যা আরও বাঢ়াতে হবে। মনোজকেও অনুরোধ করছি এখানে প্রচুর প্রতিভা রয়েছে। এখানে এমন সব শর্ট দেখছি যেটা ভারতীয় ক্রিকেটেও দেখা যায় না। সুতরাং প্রচুর প্রতিভাবান খেলোয়াড় আছে। মনোজকে বলব তুমি এতদিন খেলেছ, অধিনায়কত্ব করেছ। এবার কোচিং করো। কোচিং করে বাংলার দায়িত্ব নাও। এবং বাংলাকে রঞ্জি ট্রফি চ্যাম্পিয়ন করো। ভারতসেরা করো। হাওড়ায় মুখ্যমন্ত্রীর স্বপ্নের প্রোজেক্ট খেল সিটি তৈরির প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে অরূপ বিশ্বাস বলেন, আগে একটা বৈঠক করে এটা আমরা হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনকে দিয়েছিলাম। মাননীয়া মুখ্যমন্ত্রী জানিয়েছেন এটা হিডকো দেখবে। ফলে এর উত্তর হিডকো দিতে পারবে। এই প্রতিযোগিতার প্রধান উদ্যোক্তা রাজ্যের ক্রীড়া প্রতিমন্ত্রী মনোজ তিওয়ারি বলেন, এমএলএ কাপ এই প্রথমবার আমরা করছি। এখনকার বাচ্ছারা মোবাইলের প্রতি বেশি আসক্ত হয়ে পড়ছে।

নাবালিকা বিয়ে রুখতে ও স্কুল ছুট কমাতে খেলাধুলাকে হাতিয়ার

বনস্পতি দে, পুরশুড়া হুগলি, ১৮ জানুয়ারিঃ স্কুলের নাবালিকা ছাত্রীরা স্কুলছুট হয়ে বিয়ে হয়ে যাচ্ছিল। নাবালিকা বিয়ে রুখতে ও স্কুল ছুট কমাতে খেলাধুলাকে হাতিয়ার করেছিল স্কুল। কয়েক বছর আগের এই সিদ্ধান্ত তৈরি করেছেন নতুন নজিরা। এই উদ্যোগের সফল রূপায়ণে ঘটমে এলাকার দৃষ্টান্ত পুরশুড়ার প্রত্যন্ত গ্রামের ভাঙামোরা সারদামণি বালিকা বিদ্যালয়। পড়াশোনার পাশাপাশি ধারাবাহিকভাবে বিভিন্ন খেলাধুলার প্রশিক্ষণ দেওয়ায় স্কুলে আসার প্রতি উৎসাহ বাড়ছে ছাত্রীদের। এমনকী এবছর স্কুলের তিন ছাত্রী ও দেশীয় স্তরের গেমসে সাফল্য পেয়েছে। আরামবাগের প্রত্যন্ত গ্রাম পুড়শুড়া, তারও প্রত্যন্ত এলাকা ভাঙামোরা। এখানে ছাত্র-ছাত্রীদের পড়াশোনার ভবিষ্যৎ নিয়ে ততোটা আগ্রহী ছিলেন না অভিভাবকরাও। তাই দিন দিন বাড়ছিল স্কুলছুটের সংখ্যা। স্কুল ছুট ছাত্রীদের আঁটকাতে একাধিক পদক্ষেপ নিচ্ছিল স্কুল। অবশেষে খেলাধুলার মধ্যে দিয়ে পড়াশোনা়য় আগ্রহ বাড়িয়ে ছাত্রছাত্রীদের স্কুলমুখী করতে পেরেছে ভাঙামোরা সারদামণি বালিকা বিদ্যালয়। এলাকার মধ্যে মেয়েদের স্কুল হিসেবে বর্তমানে দারুণ খ্যাতি অর্জন করেছে এই স্কুল। তবে এর বিপ্লবের রয়েছে খেলাধুলায় মজার রহস্য। খেলার মজাতেই স্কুলমুখী করে তোলা গেছে গ্রামের ছাত্রীদের।

এক সপ্তাহ ধরে স্বামীকে খুঁজে না পেয়ে অসুস্থ স্ত্রী রায়দীঘিতে

দূরন্ত বার্তা, জয়নগর, ১৮ জানুয়ারিঃ গত শনিবার থেকে নির্খোঁজ স্বামী,স্বামীর চিন্তায় অসুস্থ স্ত্রী। মথরাপুুর ২নং রক্তের নন্দকম্বুরপুর এলাকার নোটন চন্দ্র দাস (৫৮) গত ১১ ই জানুয়ারি থেকে নির্খোঁজ দেখতে দেখতে সাতদিন কাটলেও এখনও পর্যন্ত খোঁজ মিলল না, স্বামীকে খুঁজে না পাওয়াই অসুস্থ স্ত্রীকে নিয়ে চিন্তায় পরিবারের সদস্যরা।

পরিবার সূত্রে জানা যায় নোটন চন্দ্র দাস কিছটা মানসিক ভারসাম্যহীন। হঠাৎ করে গত ১১ই জানুয়ারি সাদা ফুলহাতা জামা কালো অথবা খাকি প্যাট বর্ণে বাড়ি থেকে মুখামদেশ হয়ে যায়। ইতিমধ্যেই রায়দিঘি থানায় নির্খোঁজের অভিযোগ দায়ের করা হয়েছে। কিন্তু এখনো পর্যন্ত তাঁর খোঁজ মিলছে না। বাড়িতে সমস্ত সদস্যদের খাওয়া দাওয়া বন্ধ এমনকি বিভিন্ন জায়গায় খুঁজতে লোক পাঠানো হয়েছে। করে আসরে স্বামী পথ পানে চেয়ে অসুস্থ স্ত্রী।

সদস্য, এবং বিশেষ অতিথি শ্রী দেবাশীষ কুমার, বিধায়ক, ও শ্রীমতী মৌসুমী দাস, কাউন্সিলর। এই আধুনিক হাসপাতালে ২৪৭ জরুরি পরিষেবা, আইসিইউ সুবিধা, আউটডোর সেবা (ওপিডি), গ্রমিং, রেডিওগ্রাফি, উন্নত প্যাথলজি, এন্ডোস্কপি, ল্যাপারোস্কপিক সার্জারি, ইন-হাউস ফার্মেসি এবং আগামী ১লা এপ্রিল চালু হতে লাা একটি পোষ্য-বান্ধব ক্যাফের সুবিধা থাকবে। এখানে একসঙ্গে ১০টিরও বেশি পোষ্য ভর্তি হতে পারবে এবং জিলা রোগ নিরাময়ে সমস্ত আধুনিক ব্যবস্থা থাকবে (ডিস্টেন্স্পার ও বার্বিস ছাড়া)। বেস্কালুরু, দিল্লি এবং কানাডার অভিজ্ঞ পশু চিকিৎসকদের দল দিন-রাত পরিষেবা দেবে এবং

২৪৭ পরামর্শ সেবা উপলব্ধ থাকবে। পোষ্যদের মানসিক শান্তি নিশ্চিত করতে এই হাসপাতালে বন্ধুত্বপূর্ণ স্টাফ ও আকর্ষণীয় কার্যকলাপের ব্যবস্থা করা হয়েছে। বিশেষ পরিষেবার মধ্যে রয়েছে আগামী ১লা মার্চ থেকে চালু হতে যাওয়া পিক-অ্যান্ড-ড্রপ জরুরি পরিষেবা, এন্ডোটিক পোষ্যদের জন্য বিশেষ যত্ন, বার্ষিক স্বাস্থ্য কর্মসূচি এবং সমাজের জন্য নিয়মিত পোষ্য যত্ন সচেতনতা অনুষ্ঠান। এছাড়াও, হাসপাতালের ফার্মেসি সবাইকে পরিষেবা দেবে, চিকিৎসাধীন না থাকলেও প্রয়োজনীয় ওষুধ মিলবে। দ্য সিয়াটেল ভেটেরিনারি হাসপাতালের প্রতিষ্ঠাতা তানিয়া দত্ত বলেন, “আমাদের লক্ষ্য কলকাতার পোষ্য

চিকিৎসার মান বদলে দেওয়া এবং এক ছাত্রের নিচে সমস্ত ভেটেরিনারি পরিষেবা প্রদান করা। উন্নত ডায়াগনস্টিক থেকে শুরু করে পোষ্য-বান্ধব ক্যাফেআমরা এমন এক পরিবেশ তৈরি করতে চাই যেখানে পোষ্য ও তাদের মালিকেরা নিজজেরে বাড়ির মতোই আরামদায়ক বোধ করবেন। এই হাসপাতালের মাধ্যমে আমরা দয়া এবং যত্নশীল পশু চিকিৎসার নতুন মানদণ্ড স্থাপন করতে চাই। এই যুগান্তকারী প্রতিষ্ঠানটি কলকাতায় প্রথমবারের মতো সত্যিকারের একত্রীকৃত ভেটেরিনারি পরিষেবার অভিজ্ঞতা দেবে। পোষ্য মালিকেরা একজায়গায় গ্রমিং, রুটিন পরামর্শ, উন্নত ডায়াগনস্টিক এবং সার্জারিসবকিছুই পেয়ে যাবেন।

তিনদিনব্যাপী ২১ তম বিশ্ব বাংলা সাহিত্য সংস্কৃতি উৎসব ২০২৫ হলদিয়া

দূরন্ত বার্তা, হলদিয়া, ১৮ জানুয়ারিঃ ইতিহাস বিজরিত হলদিয়া শিল্প নগরী নির্মাণের পুরোধা প্রাক্তন বিধায়ক, সাংসদ, শিক্ষাবিদ ড. লক্ষ্মণ চন্দ্র শেঠ হলদিয়ায় গড়ে তুলেছেন বিশাল শিক্ষা তীর্থ। তাঁর প্রয়াত স্ত্রী , কবি, রাজনীতিবিদ তমালিকা পণ্ডাশেঠের সহযোগিতায় গড়ে ওঠা শিক্ষাতীর্থ হলদিয়া ইনস্টিটিউট অফ হেল্থ সাইন্স ক্যাম্পাস, কলেজ সিটি আই কেয়ার কমপ্লেক্সে অনুষ্ঠিত হলো ২১ তম বিশ্ব বাংলা সাহিত্য সংস্কৃতি উৎসব ২০২৫। গাছের চারায় জল সিঞ্চন করে নতুন প্রাণে সাড়া জাগিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করেন ড. লক্ষ্মণ চন্দ্র শেঠ। তিনি তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, সমাজ গঠনে বৈপ্লবিক ভূমিকা থাকে জাতির শিক্ষা ও সংস্কৃতিতে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিি ছিলেন অভিনেত্রী সাবিত্রী চট্টোপাধ্যায়, সাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায়, লেখক সাংবাদিক রঞ্জন



বন্দোপাধ্যায়, সাতারক বুলা চৌধুরী, কবি চিত্রা লাহিড়ী, শ্যামলকান্তি দাস, সাহিত্যিক অমর মিত্র, রামকুমার মুন্সোপাধ্যায়, স্বপ্নময় চক্রবর্তী, আপনজন পত্রিকার প্রকাশক সায়ন্তন শেঠ, আই কেয়ার কালচারাল একাডেমির চেয়ার পার্সন স্পর্শপতি পণ্ড শেঠ, পোস্ট মাস্টার জেনারেল ঋজু গাঙ্গুলি , তরলুক পোস্ট অফিস সুপারিস্টেন্ট অসীম কুমার মোহন্তি, আই কেয়ার ভাইস চেয়ারম্যান

মানসী দে শেঠ, আই কেয়ার সম্পাদক আশীষ লাহিড়ী, আই কেয়ার বোর্ড মেম্বার সুশ্রিতা সাহু শেঠ, কবি নলিনী বেরা প্রমুখ। অনুষ্ঠানের বেশ কয়েকজন গুণী ব্যক্তিত্বকে সম্মানিত করা হয়। অনুষ্ঠানের শেষপর্বে তিনদিনি সাংস্কৃতিক অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করে ডিস্কা, প্রাদেশিক অসমীয়া নৃত্য, কাকটাস, পূর্বাঞ্চল সাংস্কৃতিক কেন্দ্র এবং লোকশিল্পী স্বপন বসু।

কামদেবপুর রুরাল ডেভলপমেন্ট সোসাইটির পক্ষ সাগর মেলায় স্বাস্থ্য শিবির

গঙ্গাসাগর,১৮ জানুয়ারিঃ কামদেবপুর রুরাল ডেভলপমেন্ট সোসাইটির পক্ষ থেকে প্রতি বছরের ন্যায় এবারেরও গঙ্গাসাগর মেলায় বিনামূল্যে স্বাস্থ্য সেবা শিবিরের আয়োজন করেছিলেন। ১১ ই জানুয়ারি যে ক্যাম্পের শুভ উদ্বোধন করেন সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বঙ্কিমচন্দ্র হাজরা, জেলা পরিষদের স্বাস্থ্য কর্মাধ্যক্ষ শিখা রায়, স্বাস্থ্য ভবনে ডিরেক্টর আর.এন. প্রধান, ডায়মন্ডহারবার হেলথ ডিসট্রিক্ট এর সিএমওএইচ ড. জয়ন্ত



কুমার সুকুল, প্রাক্তন স্বাস্থ্য কর্মাধ্যক্ষ ড. তরুণ রায়, প্রধান উদ্যোক্তা চিকিৎসক ড. এ জামান সহ অন্যান্য বিশিষ্টজনেরা। এই সংস্থানটি পশ্চিমবঙ্গ সরকারের নিবন্ধিত একটি স্বেচ্ছাসেবী সংগঠন, এবছর সাগর মেলায় তারা সেবাকার্যে ২৪ বছর পূর্ণ করলেন। তাদের সংগঠনের বিষয়ে জামান সাহেব বলেন,

কেআরডিএস কেন্দ্র ও রাজ্য সরকারের সঙ্গে যৌথভাবে প্রায় ত্রিশটির উপর প্রকল্পে কাজ করছেন। এর মধ্যে ২০১৬ সাল থেকে রাজ্য সরকারের স্বাস্থ্যসেবা প্রকল্পের আওতায় পিপিপি মডেলে ক্রয়ের ২৪ পরগণা জেলার ২৯টি ব্লকে ২০টি ব্লক হাসপাতাল ও একটি সুপার স্পেশালিটি হাসপাতালে

তাঁরা কাজ করে চলেছেন। এছাড়াও সারাবছর ধরেই তারা বিভিন্ন ধরনের সমাজ সেবামূলক কাজ যেমন - ক্র্বেতা সুরক্ষার উপর, বিভিন্ন গ্রামে ডিপ টিউবওয়েল খননের মতো কার্যে লিপ্ত থাকেন।

তৎসহ যেটি উল্লেখযোগ্য, কামদেবপুর রুরাল ডেভেলপমেন্ট সোসাইটি বিগত ২০০১ সাল থেকে নিরলসভাবে গঙ্গাসাগর মেলায় স্বাস্থ্য শিবির পরিষেবা প্রদান করে চলেছেন। তাদের ক্যাম্পে বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা, ঔষধ বিতরণ, কেউ অসুস্থ হয়ে গেলে প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করে সাগর অস্থায়ী হাসপাতালে পাঠানো সহ বিভিন্ন স্বাস্থ্য মূলক পরিষেবায় যুক্ত রয়েছেন।

নদীয়ায় ভূমি রাজস্ব দপ্তর এবং পুলিশ প্রশাসনের যৌথ অভিযানে বন্ধ হলো অবৈধ ভাবে মাটি কাটা! আটক একাধিক ট্রাক্টর



দূরন্ত বার্তা, নদীয়া, ১৮ জানুয়ারি : রাজ্যে অবৈধ ভাবে মাটি কাটার বিরুদ্ধে রাজ্য সরকারের তরফে প্রশাসনকে কড়া পদক্ষেপ নিতে পূর্বেরি কড়া হুঁশিয়ারী দিতে শোনা গেছে। আর এবারে নদীয়ায় অবৈধভাবে মাটি কাটার অভিযোগ

পেয়ে ভূমি রাজস্ব দপ্তর এবং পুলিশ প্রশাসনের যৌথ অভিযানে বড়সড় সাফল্য পেলো প্রশাসন। একাধিক জায়গায় হানা দিয়ে অবৈধ ভাবে মাটি কাটার সরঞ্জাম ও বেশ কয়েকটি ট্রাক্টর আটক করলো প্রশাসন। ঘটনাটি ঘটেছে নদীয়ার

শান্তিপুর থানা এলাকার বেশ কয়েকটি জায়গায়, জানা যায় একাধিক এলাকায় অবৈধভাবে মাটি কাটার অভিযোগের খবর পায় প্রশাসন, আর তার পরেই এই যৌথ অভিযান চালায় ভূমি রাজস্ব দপ্তরের আধিকারিক এবং শান্তিপুর থানার বিশাল পুলিশ বাহিনী। সূত্রের খবর নদীয়ার শান্তিপুর থানা এলাকার হরিপুর মেথির ডাঙ্গা, ফুলিয়া কালিপুর, ফুলিয়া উদয়পুর এবং সবুজ পল্লীতে অভিযান চালায় পুলিশ এবং ভূমি রাজস্ব দপ্তরের আধিকারিকরা। অভিযানে বেশ কয়েকটি মাটির ট্রাক্টর, মাটি কাটার সময়ে বাজেয়াপ্ত করে পুলিশ। এই বিষয়ে রাজস্ব দপ্তরের আধিকারিক

ওপারে হিন্দুদের উপরে অত্যাচার চলছে, দাবি জলপাইগুড়িতে ধৃত ৭ বাংলাদেশির

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১৮ জানুয়ারি : রাজনৈতিক অস্থিরতার জেরে বাংলাদেশ থেকে এপারে চলে আসছেন বহু মানুষ। রাজ্যের বিভিন্ন সীমান্তবর্তী এলাকায় প্রায়শই বহু বাংলাদেশি ও তাদের আশ্রয়দাতাদের গ্রেফতার করছে বিভিন্ন জেলার পুলিশ। শুক্রবার মনে করে এরকমই ৭ বাংলাদেশি নাগরিককে গ্রেফতার করল জলপাইগুড়ির কোতোয়ালি থানার পুলিশ। পুলিশ সূত্রে খবর, ওই ৭ বাংলাদেশি নাগরিক বাসে চড়ে কোচবিহারের হলদিবাড়ি থেকে জলপাইগুড়ি যাচ্ছিল। তাদের গন্তব্য ছিল শিলিগুড়ি। গোপন সূত্রে খবর পেয়ে তাদের ধরে ফেলে কোতোয়ালি থানার পুলিশ। ধৃতদের বক্তব্য, ওপারে হিন্দুদের উপরে অত্যাচার হচ্ছে। তাই প্রাণ বাঁচতেই এপারে চলে এসেছেন তারা। জেলা পুলিশ সুপার উমেশ খান্ডবাহাল জানিয়েছেন, গোপন সূত্রে খবর পেয়ে ওই ৭ জনকে গ্রেফতার করা হয়। তারা কেউই ভারতে প্রবেশের বৈধ নথি দেখাতে পারেনি। তাদের বিরুদ্ধে অনুপ্রবেশের অভিযোগ দায়ের করা হয়েছে। শনিবার তাদের জলপাইগুড়ি জেলা আদালতে তোলা হয়। পুলিশের তরফে জানানো হয়েছে

গ্রামের অশুশ্ব তলায়, শান বাঁধানো বেদীতে হাত পা ছড়িয়ে উপর হয়ে এখানে শুয়ে থাকেন দেবতা। নাম স্কন্দনাশা!

দূরন্ত বার্তা, নদীয়া, ১৮ জানুয়ারি : গ্রামের অশুশ্ব তলায়, শান বাঁধানো বেদীতে হাত- পা ছড়িয়ে উপর হয়ে এখানে শুয়ে থাকেন দেবতা। নাম স্কন্দনাশা। মুণ্ডুহীন তার দেহ পিঠ ঘেঁষে রয়েছে নাক মুখ চোখ। পৌষ সংক্রান্তি থেকে পরপর তিনদিন অদ্বুত দর্শন এই দেবতার পূজা সারলেন নদীয়ার নাকাশিপাড়া থানার অন্তর্গত পাটকেবাড়ি পঞ্চায়তের তৈবিচারী গ্রামের মহিলারা। লোকমুখে জানা যায়, এই পূজা করতে হয় দেবতার পায়ের কাছে বসে। অর্থাৎ মূর্তির পিছন দিকে। পৌষ সংক্রান্তির রাতে আলো বিহীন গাছ তলায় গা ছমছমে পরিয়েছেন মোমবাতি, প্রদীপ, ধূপ হাতে জড়ো হন মহিলারা। বাকি কেউ প্রার্থনা করলেন নিজেদের রক্ষা রক্ষা করার জন্য, কেউ চাইলেন সন্তান, আবার কেউ চাইলেন পারিবারিক সুখ শান্তি, জানা যায়, আনুমানিক ৮০ বছর আগে ঢাকার এক পরিবার এই গ্রামে এসে এই কবন্ধ মূর্তির পূজো শুরু করেছিলেন। ক্রমে পারিবারিক গাণ্ডি পার করে তা গ্রামের বারোয়ারি পূজো হয়ে গেছে। ওই পরিবারে উত্তরসূরী স্বপন সরকার জানান,



তার যে খুব প্রয়াত পূর্ণচন্দ্র সরকার ও জেটিমা অবলা সরকার নিঃসন্তান ছিলেন। সন্তান লাভের আশায় এই পূজো করেন তারা। কথিত আছে তিনি স্বপ্ন দেশ পেয়েছিলেন অনেক সন্তান হয়ে তার। তার জেঠু জেটিমার প্রচুর শিষ্য জুটে ছিলেন, তাদেরকেই সন্তান ভাববেন তারা। পূজার বর্ণনা দিতে গিয়ে তিনি বলেন, বাবা -জ্যাঠাদের কাছে শুনেছি শিবের অনুভব হিসেবে পূজিত হন এই দেবতা। নির্দিষ্ট কোনও মন্ত্র নেই। কিন্তু এই পূজো করতে হয়, খুব সাবধানে এবং শুদ্ধ বস্ত্রে। আগে পৌষ সংক্রান্তির দিন মাটি দিয়ে এই মূর্তি তৈরি করা হতো। রোদ, জলে বার বার মূর্তি নষ্ট হয়ে যায় বলে কয়েক বছর আগে স্থায়ীভাবে সিমেন্টের মূর্তি গড়া

ছেলেকে খুন করে আত্মসমর্পণ মায়ের! নরেন্দ্রপুরে তির চাঞ্চল্য

দূরন্ত বার্তা, নরেন্দ্রপুর, ১৮ জানুয়ারি : ছেলেকে খুন করে থানায় আত্মসমর্পণ মায়ের! শনিবার সকালে নরেন্দ্রপুরের ঘটনায় পুলিশ প্রেপ্তার করেছে মাকে। নাবালকের দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে বারুইপুর পুলিশ। জেলা পুলিশ সুপার জানিয়েছেন, অভিযুক্তকে প্রেপ্তার করা হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট হাতে না এলে বেশি কিছু বলা সম্ভব নয়। অভিযুক্ত মহিলাকে রবিবার বারুইপুর মহকুমা আদালতে পেশ করা হবে। ঘটনাস্থল নরেন্দ্রপুর থানা এলাকার খোয়াদহের মৌলিহাটি। এই এলাকার বাসিন্দা প্রসেনজিত মণ্ডলা। স্ত্রী তনুজা ও দুই পুত্রসন্তানকে নিয়ে ছিল তার সংসার। মাত্র দেড় বছর আগে ছোট ছেলের মৃত্যু হয়। তখনও মায়ের বিরুদ্ধে খুনের অভিযোগ উঠেছিল। তবে তা আইন- আদালতের দূয়ার পর্যন্ত পৌঁছানি। তনুজা- প্রসেনজিতের বড় ছেলে দেবজিত মণ্ডল স্থানীয় প্রাথমিক স্কুলের তৃতীয় শ্রেণির ছাত্র। তিনজনের সংসার চলছিল ভালোই। শনিবার সকালে প্রসেনজিত মাছের ব্যবসার কাজে বেরিয়ে যান। বাড়িতে বড়

দিনেদুপুরে প্রায় ১ কোটি টাকা ছিনতাইয়ের অভিযোগ

দূরন্ত বার্তা, কলকাতা, ১৮ জানুয়ারি : আবারও বাইক চেপে এসে টাকা ভর্তি ব্যাগ নিয়ে চম্পট দিল দুষ্কৃতীরা। শনিবার ঘটনাটি ঘটে নারকেলডাঙা-এপিসি রোড ক্রসিং চত্বরে। সূত্রের খবর, ছিনতাই হয়েছে প্রায় ১ কোটি টাকা। তদন্তে নেমেছে নারকেলডাঙা থানার পুলিশ। ইফতিকার আহমেদ খান পেশায় ছাগল ব্যবসায়ী। এদিন সকালে নগদ ভর্তি ব্যাগ নিয়ে ৪২ বছরের ওই ব্যক্তি নারকেলডাঙা চত্বর দিয়ে ছেটে যাচ্ছিলেন। সে সময় দুটি বাইকে চেপে এসে জনাকয়ক দুষ্কৃতী। একজন ইফতিকারের চোখে রাসায়নিক স্প্রে করে। অন্য একজন ছুরি দিয়ে তাকে ভাষ দেয়। তবু বাধা দেওয়ার চেষ্টা করেন ইফতিকার। তখনই ছুরি দিয়ে তার বাঁ হাতে জোরালো আঘাত করে ব্যাগ ছিনিয়ে চম্পট দেয়। স্থানীয় ব্যবসায়ীদের দাবি, ব্যাগে প্রায় এক কোটি টাকা ছিল। মনে করা হচ্ছে, দুষ্কৃতীরা আগে থেকেই রেইকি করে গিয়েছিল। ছিনতাইয়ের মতলব নিয়ে তৎকেতক্ষে ছিল তারা। এদিন সেই সুযোগ মেলে। সকালে জনবহুল রাস্তা থেকে যেভাবে টাকা ভর্তি ব্যাগ ছিনতাই হল, তা যথেষ্ট আতঙ্কের। চলতি মাসের ১৬ তারিখ একই কায়দায় পার্ক সার্কাস এলাকা থেকেও টাকা ভর্তি ব্যাগ ছিনতাই হয়েছিল।

কলকাতা পুলিশের তদন্ত একেবারে সঠিক ছিল, দাবি কুণালের

কলকাতা, ১৮ জানুয়ারি : আজকের রায় প্রমাণ করে দিল কলকাতা পুলিশের তদন্ত একেবারে সঠিক ছিল। আর জি করের তরুণী চিকিৎসককে ধর্ষণ-খুনে সঞ্জয় রায়কে দোষী সাব্যস্ত করার পর এই মন্তব্য করলেন তৃণমূলের অন্যতম নেতা কুণাল ঘোষ। কুণাল সংবাদমাধ্যমকে বলেন, যারা সিবিআই সিবিআই করছিলেন সেই সিবিআই তো কলকাতা পুলিশের তদন্ত সঠিক বলে সিলমোহর দিয়ে দিল। কিছু বাম, অতি বাম সংগঠন বিভ্রান্তি ছড়িয়ে রাজনৈতিক ফায়দা তোলার চেষ্টা করছিল। সেটা না হলে আরও আগে সুবিচার পেত অভয়া। প্রসঙ্গত, বম্ য ঘটনার পরদিনই সঞ্জয়কে গ্রেফতার করেছিল কলকাতা পুলিশ। সিবিআই রিপোর্টেও তরুণী চিকিৎসকের ধর্ষক ও খুনি হিসেবে একমাত্র সঞ্জয়কেই চিহ্নিত করা হয়েছে। সেই রিপোর্ট সন্ধানভাবে বসিয়ে দেখে শনিবার তাকেই দোষী সাব্যস্ত করল শিয়ালদা আদালত।

রাজ্য জয়েন্ট এন্ট্রাস-র রেজিস্ট্রেশন শুরু ২২ জানুয়ারি

কলকাতা, ১৮ জানুয়ারি : রাজ্য জয়েন্ট এন্ট্রাল এক্সামিনেশন বোর্ড চলতি বছরে পরীক্ষার জন্যে আগামী বাইশে জানুয়ারি থেকে প্রাণীপের রেজিস্ট্রেশন শুরু করবে। অগ্রহী প্রাণীরা বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইট এ গিয়ে রেজিস্ট্রেশন করতে পারেন। ইঞ্জিনিয়ারিং এ প্রবেশিকা পরীক্ষার জন্যে আবেদনের শেষ তারিখ ২৬ ফেব্রুয়ারি। প্রাণীরা সতেরোই এপ্রিল থেকে পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন। ২৭ এপ্রিল সকাল ১১টা থেকে দুপুর ১ টা এবং দুপুর ২ টো থেকে বিকাল ৪ টে পর্যন্ত দুইটি শিফট পরীক্ষা নেওয়া হবে।

পার্কসার্কাসে ছিনতাইয়ের টাকা উদ্ধার, ধৃত ৩

দূরন্ত বার্তা, কলকাতা, ১৮ জানুয়ারি : পার্কসার্কাসে ছিনতাই হওয়া টাকার একাংশ উদ্ধার হয়েছে বলে শনিবার দাবি করেছে কলকাতা পুলিশ। এই ব্যাপারে ধৃত ৩। সোমবার দুপুরে ১২ লক্ষ টাকা ছিনতাইয়ের ঘটনাটি ঘটে কড়োয়া থানা চত্বরে। সিএসটিসি এবং একটি নামী পোশাক বিপণি থেকে প্রায় ১২ লক্ষ টাকা নগদ সংগ্রহ করেছিলেন ক্যাশ কালেক্টর অফিসার। পোশাক বিপণি থেকে বেরিয়ে যাড়িতে টাকা রাখতে যাচ্ছিলেন। পাশেই এক বন্দুকধারী নিরাপত্তারক্ষীও ছিলেন। কিন্তু তারপরেই ঘটে গেল অঘটন। অভিযোগ, বাইকে চেপে দুষ্কৃতীরা টাকা ভর্তি ব্যাগ নিয়ে চম্পট দেয়। সিটিটিভি ফুটেজ খতিয়ে দেখে পুলিশের চারটি দল তদন্ত শুরু করে। শনিবার সামাজিক মাধ্যমে কলকাতা পুলিশ ছবি-সহ দাবি করে, কায়ো পুলিশ স্টেশন (সাঁউথ ইস্ট ডিভিশন) কেস নং ১২/২০২৫ঃ কোয়েস্ট মলের কাছে ১১.৮৬ লক্ষ টাকা ছিনতাইয়ের সঙ্গে সম্পর্কিত কেসটি কড়োয়া থানা উদঘাটন করেছে। এই কেসের সঙ্গে জড়িত ৬ অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। উদ্ধার হয়েছে চুরি যাওয়া ১০.৬ লক্ষ নগদ টাকা। অপরাধে ব্যবহৃত বাইকটি বাজেয়াপ্ত করা হয়েছে। তদন্ত অব্যাহত রয়েছে।

সিলিভার বিস্ফোরণে কেঁপে উঠল এলাকা, আহত প্রৌঢ়া

দূরন্ত বার্তা, হুগলি, ১৮ জানুয়ারি : হুগলির চন্দননগর ফটকগোড়া এলাকার একটি বাড়ির সোতলায় শনিবার সকালে হঠাৎই বিকট বিস্ফোরণে কেঁপে ওঠে। শব্দ পেয়ে ছুটে আসেন প্রতিবেশী স্থানীয় লোকজন। তারা দেখেন এক প্রৌঢ়া অগুনে ঝলসে গিয়েছেন। রামা খয়ের দরজা জানালা সব ভেঙে গিয়েছে। দেওয়ালের সুইচবোর্ড আহত ওই গৃহধূকে চুঁচুড়া ইমামবাড়া হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে বার্ন করা হয়েছে তার চিকিৎসা চলছে।

৫ দিন আংশিক বন্ধ বালি ব্রিজ, চরম ভোগান্তির আশঙ্কা

দূরন্ত বার্তা, হাওড়া, ১৮ জানুয়ারি : ডানকুনি- শিয়ালদহ শাখায় চারদিন ট্রেন বন্ধের ঘোষণা আগেই হয়েছিল। আর শুক্রবার জানানো হল, ওই সময়ই টানা পাঁচ দিন বন্ধ থাকবে বালি ব্রিজের একাংশও। ডানকুনিগামী বাস-গাড়ি চলবে নিবেদিতা সেতু দিয়ে। ফলে আগামী ২৬ থেকে ২৭ জানুয়ারি বালি ব্রিজের উপর দিয়ে যাতায়াত করা মানুষদের চরম হয়রানির শিকার হওয়ার আশঙ্কা রয়েছে। প্রশাসনের তরফে জানানো হয়েছে, আগামী ২২ জানুয়ারি রাত ১২টা থেকে বালি ব্রিজের একাংশ দিয়ে বন্ধ থাকবে যান চলাচল। ২৭ জন্ুয়ারি পর্যন্ত যান চলাচলে এই নিয়ন্ত্রণবিধি চলবে। তবে

বিকল্প রুটও ঠিক করা হয়েছে। জানানো হয়েছে, বালি ব্রিজের একাংশ দিয়ে কলকাতাগামী গাড়ি ঢুকতে পারবে। কিন্তু কলকাতা থেকে বালি হল্ট, হয়ে বোম্বে রোড, দিল্লি রোডগামী বাস বা গাড়ি বেরোতে পারবে না। সেই বাসগুলো যাবা নিবেদিতা সেতু হয়ে। তবে বাসের কোনও টোলট্যাঙ্ক লাগবে না। তা হেরের তরফে জাতীয় সড়ক কর্তৃপক্ষকে দেওয়া হবে বলে জানানো হয়েছে। শনিবার পরিবহণ ভবনে এই বিষয়ে বৈঠক হয়। সেখানে রেল, পুলিশ, জাতীয় সড়ক কর্তৃপক্ষ এবং পরিবহণ দপ্তরের কর্তারা উপস্থিত ছিলেন। সেখানেই ঠিক হয়েছে, বালিব রিজ দিয়ে কলকাতাগামী লেন খোলা রাখা হলেও উল্টোদিকে বেরোনোর লেন বন্ধ থাকবে। কারণ ব্রিজ রক্ষণাবেক্ষণের কাজ চলবে ওই সময়। ফলে ট্রেন বন্ধের পাশাপাশি একদিকে রাস্তা

স্ত্রীর মৃত্যুর শোকে সেতু থেকে ঝাঁপ দিয়ে আত্মঘাতী স্বামী

দূরন্ত বার্তা, নদীয়া, ১৮ জানুয়ারি : স্ত্রীর মৃত্যুর শোকে সেতু থেকে ঝাঁপ দিয়ে আত্মঘাতী স্বামী। প্রথমে জলে ভাসতে দেখে পথ চলতি মানুষ, এরপর পুলিশ কে খবর দিলে পুলিশ গিয়ে মৃতদেহ উদ্ধার করে। চাঞ্চল্য কর ঘটনাটি ঘটেছে নদীয়ার কৃষ্ণনগরের কোতোয়ালি থানার অন্তর্গত নগেন্দ্রনগর এলাকায়। জানা গেছে, মৃত ব্যক্তির নাম স্বপন বিশ্বাস, বয়স আনুমানিক ৫০ বছর। পরিবার সূত্রে জানা গেছে স্বামী-স্ত্রীর মধ্যে মিল ছিল খুবই । গত কয়েক বছর আগে তার স্ত্রীর মৃত্যু হয়, এরপর থেকেই মানসিক অবসাদে ভোগে স্বপনবাবু, তবে স্ত্রীর শোকে প্রতিদিনই বিভিন্ন নেশায় আসক্ত হয়ে পড়ে সে। বাড়িতে সারাদিন একা মনোভাব নিয়ে থাকতো, বৃদ্ধা মায়ের সাথে খুব একটা কথাবার্তা হতো না। শুক্রবার সন্ধ্যায় পাশেই দ্বিজেন্দ্র সেতুর নিচের অংশে স্বপন বিশ্বাসের মৃতদেহ ভাসতে দেখে পথ চলতি মানুষ। পরিবারকে খবর দিলে পরিবারের সদস্যরা গিয়ে সনাক্তকরণ করে মৃতদেহ। খবর দেওয়া হয় পুলিশকে । ঘটনাস্থলে পৌঁছায় নদীয়ার কৃষ্ণনগরের কোতোয়ালি থানার পুলিশ । পুলিশ গিয়ে মৃতদেহ উদ্ধার করে। বৃদ্ধা মায়ের দাবি, স্ত্রীর মৃত্যু হওয়ার পর থেকেই সম্পূর্ণ বদলে গেছে ছেলে। মাকে মাকে নেশা করে বাড়িতে এসে কারোর সাথে কোন কথা বলতো না। নিজের ঘরেই বেশিরভাগ সময় কাটাতো, কিন্তু ছেলে যে এই ঘটনা ঘটাবে তা স্বপ্নেও কোনদিন ভাবতে পারেননি তিনি।

বিষ্ণুপুরে কেন্দ্রীয় বিদ্যালয়ের জন্য এলাকা পরিদর্শন প্রতিনিধি দলের

দূরন্ত বার্তা, বাঁকুড়া, ১৮ জানুয়ারি : বিষ্ণুপুরে কেন্দ্রীয় বিদ্যালয়ের জন্য এলাকা পরিদর্শন করলেন এক প্রতিনিধি দল। কেন্দ্রীয় বিদ্যালয় সংগঠনের রিজিওনাল অফিসের অ্যাসিস্ট্যান্ট কমিশনারের নেতৃত্বে এই দলটি বিষ্ণুপুর শহরের লাইট হাউস এলাকায় জায়গা ও বাড়ি পরিদর্শন করেন। বিষ্ণুপুর শহর সংলগ্ন লাইট হাউস এলাকায় টোটো ট্রাক্টের অধীনে থাকা একটি জায়গা ও বাড়ি পরিদর্শন করেন তারা। সাংসদ সৌমিত্র খাঁ এই বিদ্যালয় প্রতিষ্ঠায় উদ্যোগ নিয়েছেন বলে জানা গেছে। সব ঠিকাকা চললে চলতি বছর এপ্রিলের মধ্যেই পথ চলা শুরু করবে বিদ্যালয়, এমনটাই আশা করছেন স্থানীয়রা। লোকসভা নির্বাচনের আগে বাঁকুড়ার সাংসদ সুভাষ সরকার ঘোষণা করেছিলেন বাঁকুড়া শহর লাগোয়া একটি জায়গায় কেন্দ্রীয় বিদ্যালয় তৈরি করা হবে। কিন্তু সুভাষ সরকার হেরে যাওয়ায় সেই প্রকল্প চলে যায় বিশ বাঁও জলে। বিষ্ণুপুরের সাংসদ সৌমিত্র খাঁ বিষ্ণুপুরে কেন্দ্রীয় বিদ্যালয় স্থাপনের ব্যাপারে উদ্যোগী হন। অ্যাসিস্ট্যান্ট কমিশনার দিবাকর গুইয়ের দাবি, প্রস্তাবিত জায়গাটি কেন্দ্রীয় বিদ্যালয় স্থাপনের পক্ষে উপযুক্ত। ক্রত বিদ্যালয় স্থাপনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে। বিষ্ণুপুরের বিজেপি সাংসদ সৌমিত্র খাঁ বলেছেন, সব ঠিকাকা চললে চলতি বছর এপ্রিল মাসেই পথচলা শুরু করবে বিষ্ণুপুর কেন্দ্রীয় বিদ্যালয়।

আগরতলায় প্রথমবার পূর্বাভার আদি বাজার মেলা শুরু ২০ জানুয়ারি

আগরতলা, ১৮ জানুয়ারি : রাজধানী আগরতলায় প্রথমবারের মত পূর্বাভার আদি বাজার অনুষ্ঠিত হতে যাচ্ছে। সোমবার সন্ধ্যায় আগরতলার পূর্বাশার আরবান হাটে আনুষ্ঠানিকভাবে এই বাজারের সূচনা করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। ২৭ জানুয়ারি পর্যন্ত চলবে এই আদি বাজার। শনিবার সাংবাদিক সম্মেলনে একথা জানান ত্রিপুরা মার্কফেডের চেয়ারম্যান অভিজিত দেব। তিনি আবার জানান, উত্তর পূর্বের বিভিন্ন রাজ্যের জনজাতি অংশের মানুষ তাদের চিরাচরিত খাবার, পোশাক পরিচ্ছদ ইত্যাদি নিয়ে বসবসে এখানে। উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর পাশাপাশি উপস্থিত থাকবেন জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মী, সমবায় দপ্তরের মন্ত্রী শুক্লচরণ নোয়াতিয়া, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার সহ অন্যান্যরা। এই বাজারে বিভিন্ন রাজ্যের মোট ৬০টি স্টল থাকবে। এরমধ্যে ১৭ টি স্টল ত্রিপুরার। বিভিন্ন রাজ্য থেকে ইতিমধ্যে ৭০ জনের বেশি শিল্পী এসেছেন। প্রতিদিন বিকেল ২ টো থেকে রাত ৮টা পর্যন্ত চলবে এই মেলা। রাজধানী আগরতলার পাশাপাশি রাজ্যের বিভিন্ন জায়গা থেকে সাধারণ মানুষ যেন এই বাজারে আসেন এবং উত্তর-পূর্ব ভারতের বিভিন্ন রাজ্যের জনজাতি অংশের মানুষের চিরাচরিত খাবার পোশাক পরিচ্ছদ কিনে নিয়ে যান এই আহবান জানান ত্রিপুরা মার্কফেডের চেয়ারম্যান অভিজিত দেব।

লিক করে ঘর জতুগুই হয়েছিল।

তাকে ইলেকট্রিক বোর্ডের সুইচ দিতেই একটা ছোট্টো ফুলকিতে এত বড় কান্ড ঘটে যায় বলে অনুমান। তিনি আরও বলেন, গতকাল সিলিভার লাগানো হয়েছিল। তারপর আর কোনও কাজ হয়নি। রাতে খাওয়াদাওয়া হয়েছে।

সিলিভারের ক্যাপ ঠিকঠাক লাগানো হয়েছিল কিনা জানি না। সকালে রামাঘরের লাইটে যেই টিপেছে তখনই ওই ঘটনা ঘটেছে। সিলিভার ফেটে জানালা দরজা ভেঙে গেছে।

রক্ষণাবেক্ষণে একাংশ বন্ধের কথাও জানানো হয়। বালিহল্টে যাত্রীদের ওটা- নামার জন্য নিবেদিতা সেতুর মাঝেই একটি জায়গা করা হবে বলে ঠিক হয়েছে। বাস থেকে নেমে যাত্রীরা যাতে হাওড়া লাইনের ট্রেন ধরতে পারেন সেই ব্যবস্থা করা হবে। বৈঠকে উপস্থিত ছিলেন বিভিন্ন বাসমালিক সংগঠনের প্রতিনিধিরা। সারা বাংলা বাস- মিনিবাস সমন্বয় সমিতির সাধারণ সম্পাদক রাহুল চট্টোপাধ্যায়, বাস- মিনিবাস ওনার্স অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক প্রদীপনারায়ণ বোস, সিটি সাবার্বান বাস সার্ভিসেসের টিটু সাহা প্রত্যেকেই জানান, সরকারের তরফে আমাদের কাছে সহযোগিতার কথা বলা হয়েছে, একটি নেন্ন বন্ধ থাকায়, দিল্লিরোডগামী বাস নিবেদিতা সেতু দিয়ে যাবে। টোলের টাকা লাগবে না বলে জানানো হয়েছে।

হাওড়াগামী জ্ঞানেশ্বরী এক্সপ্রেস থেকে আটক সহইফ কাণ্ডের সন্দেহভাজন

মুম্বই, ১৮ জানুয়ারি : শনিবার হাওড়াগামী জ্ঞানেশ্বরী এক্সপ্রেস থেকে আটক আরও এক সন্দেহভাজন ব্যক্তি। আরপিএফ সূত্রে খবর, মুম্বই পুলিশের দেওয়া তথ্যসূত্র ধরেই সহইফের উপর হামলাকাণ্ডে এক সন্দেহভাজন ব্যক্তিকে আটক করা হয়েছে। যে ট্রেন মুম্বই থেকে হাওড়া যায়। সন্দেহভাজন ও বাড়ির নাম আকাশ। আপাতত তাকে জেরা করা হচ্ছে। আরপিএফ-এর তরফে জানানো হয়েছে, মুম্বই পুলিশ ওই সন্দেহভাজন ব্যক্তির ছবি, ট্রেনের নম্বর এবং লোকেশন পাঠিয়েছিল। সেটা দেখেই ওই আটক করা হয়। সন্দেহভাজন ব্যক্তি আপাতত আরপিএফ-এর ফোজাতে। মুম্বই পুলিশের একটি টিম নিশ্চিত করবে যে এই সেই ব্যক্তি, যাকে তারা খুঁজছিল। প্রসঙ্গত, অভিনেতা সহইফ আলি খানের উপর হামলার দেড় দিন পর। শুক্রবার ২৪ ঘণ্টা চিক্রনি তল্লাশি চালিয়ে বান্দুা স্টেশন থেকে এক সন্দেহভাজন ব্যক্তিকে আটক করেছিল মুম্বই পুলিশ। তবে প্রাথমিক জেরার পর শাহিদ নামক ওই ব্যক্তিকে ‘ বলে ছেড়ে দেওয়া হয়।

চড়া গ্রীষ্মে ব্রিগেডে বাম সমাবেশ

দূরন্ত বার্তা , কলকাতা, ১৮ জানুয়ারি : আগামী ২০ এপ্রিল ব্রিগেডে সমাবেশ ডেকেছে সিপিএম-এর সিটু, কৃষকসভা, ক্ষেতমজুর সমিতি এবং বস্তি ফেডারেশনের নেতৃত্ব। শনিবার ব্রিগেড কর্মসূচির কথা ঘোষণা করেছেন তাঁরা। বৈশাখ মাসের প্রবল গরমে ব্রিগেডে এই সমাবেশ দলের নামে নয়। খাতায়কলমে দলের শ্রমিক, কৃষক, ক্ষেতমজুর এবং বস্তি সংগঠন এই সমাবেশের ‘আয়োজক’। তিন সংগঠনের তরফে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন নীতি এবং রাজ্যে তৃণমূলের শাসনের ‘ হিসাবে সমাবেশকে আনুষ্ঠানিকভাবে বাধ্য করা হলেও সিপিএমের প্রথম সারির নেতারা অন্য দু’টি কারগের কথা বলেন। এক, ২০২৫ সালে রাজ্যে কোনও বড় ভোট নেই। কিন্তু বছর ধুরলৈই বিধানসভা ভোট। তার আগে সংগঠনে যাতে নড়াচড়া থাকে, সে কারণেই ব্রিগেডের আয়োজন। ভোটহীন বছরে ব্রিগেড তাই ২০২৬- এর নির্বাচনের আগে গা ঘামানো’’

Office of the Block Development Officer Chanditala–Development Block
Mashat : Hooghly
 Online E-tender is invited from the Bonafide & successful agencies as per criteria mentioned in the tender website-e-NIT No. 02-BDO/CH/1/24-25 dt 17.1.2025, having tender IDs 8025989, 803089.1 to 2025_ZPHD_803089.4 e-NIT NO.-03-BDO/CH/1/24-25 having tender IDs 2025_ZPHD_802971.1 to 2025_ZPHD_802971.6 Last date of Bid submission 24.1.2025, for e-NIT No. 02-BDO/CH/1/24-25. Last date of bid submission 31.1.2025 for e-NIT No. 03-BDO/CH/1/24-25 For details Pl contact the Office of the Block Development Officer, Chanditala-1 Dev. Block, Masat, Hooghly. Visit :https://wbtdenders.gov.in Sd/Block Development Officer Chanditala-1 Dev. Block Masat, Hooghly

খাওয়া-দাওয়া

ভাপার চেয়ে চিতই পিঠার ক্যালরি মূল্য অনেক কম

শীতকালে সবচেয়ে সহজলভ্য পিঠা হলো ভাপা আর চিতই। রাস্তার ধারের দোকানগুলো থেকেও এই দুই পিঠা কিনে খেতে পারেন। অধিক তাপে তৈরি হয় বলে এই দুই পিঠা থেকে জীবাণু সংক্রমণ হয় না বললেই চলে। চিতই পিঠায় শুধু চালের গুঁড়ার পুষ্টিগুণ পাওয়া যায়। আর ভাপা পিঠায় চালের গুঁড়াসহ গুড় ও নারকেলের পুষ্টিগুণ মিলবে। তাই চিতই পিঠা অপেক্ষা ভাপা পিঠার পুষ্টিগুণ বেশি। তবে ক্যালরি মূল্যে হিসাব করলে ভাপার চেয়ে চিতই পিঠার ক্যালরি মূল্য অনেক কম। তাই ওজন নিয়ন্ত্রণ ও হজমের সুবিধার জন্য চিতই পিঠা খাওয়া ভালো।

শুধু স্থলতার জন্যই নয়, ডায়াবেটিস ও হৃদরোগে আক্রান্ত ব্যক্তিরা ভাপা পিঠা বেশি খেলে রক্তে চিনির পরিমাণ বেড়ে যেতে পারে। যারা কিডনির জটিলতায় ভুগছেন, তাঁরা ভাপা পিঠা খেতে চাইলে ক্লিনিক্যাল প্যারামিটারগুলো জেনে ও বুঝে খাবেন, যেমন শরীরে পটাশিয়াম, ফসফরাস, ক্যালসিয়াম এসবের বর্তমান অবস্থা বুঝে চিকিৎসকের

পরামর্শ নিয়ে খেতে হবে।

ভাপা পিঠা

ভাপা পিঠা প্রধানত চালের গুঁড়া ও মিষ্টি গুড় দিয়ে তৈরি হয়। স্বাদ আরও বাড়াতে নারকেল কোরা ব্যবহার করা হয়। সব মিলিয়ে একটি ভাপা

পিঠায় কমপক্ষে প্রায় ৬০০ ক্যালরি থাকে। চালের গুঁড়া এ পিঠার মূল উপাদান। এতে প্রায় ৯০ শতাংশ শর্করা, ২ শতাংশ প্রোটিন ও চর্বি থাকে। ম্যাগনেশিয়াম, ফসফরাস, ম্যানানিজ, আয়রন ইত্যাদি ভালো উৎস হিসেবেও আতপ বা সাদা চালের গুঁড়া কাজ করে। ভাপা পিঠাকে মিষ্টি করার জন্য খেজুরের গুড় দেওয়া হয়। খেজুরের গুড়ে রয়েছে

অ্যান্টিঅক্সিডেন্ট ও খনিজ পদার্থ (আয়রন, ম্যাগনেশিয়াম ইত্যাদি), যা রোগ প্রতিরোধক্ষমতা বাড়ায়। রক্তস্ফ্রতা, বাতের বাথা, হজমের সমস্যা ও কাশি

উপশমে সাহায্য করে। ভাপা পিঠায় ব্যবহৃত নারকেলে ম্যাগনেশিয়াম, ম্যানানিজ, জিংক, অ্যান্টিঅক্সিডেন্ট ও পলিফেনলস থাকে, যা শরীরে রোগ প্রতিরোধক্ষমতা বাড়ায়। এর সোডিয়াম, পটাশিয়াম ও ক্যালসিয়াম শরীরে জলীয় ভারসাম্য ঠিক রাখে।

চিতই পিঠা

সাধারণত চিতই পিঠা আতপ চালের গুঁড়া থেকেই তৈরি হয়। যে কারণে এতে শর্করার পরিমাণ বেশি থাকে। চালের গুঁড়া দ্রুত হজমে সাহায্য করে এবং

তাড়াতাড়ি পেট ভরায়। এ ছাড়া চালের গুঁড়া থেকে ম্যাগনেশিয়াম, ফসফরাস, ম্যানানিজ ও আয়রন পাওয়া যায়। সামান্য পরিমাণে অন্যান্য উপাদানও থাকে।

চিতই পিঠার ক্যালরি মূল্য ভাপার চেয়ে কম। তবে চিতই পিঠা মিষ্টি গুড় বা চিনি সহযোগে দুধে ডুবিয়ে খেলে ক্যালরি মূল্য বেড়ে যায়। চিতই পিঠা ঝালজাতীয় বিভিন্ন ভর্তা দিয়ে খাওয়া হয়, যেমন স্টুটকি, ধনেপাতা, শর্ষে ভর্তা ইত্যাদি। এতেও ক্যালরি বাড়ে।

পিঠা খাওয়ার নিয়ম
১. ভাৱী খাবার খাওয়ার পর পিঠা খাবেন না। পিঠাকে নাশতা হিসেবে না খেয়ে যেকোনো এক বেলার প্রধান মিল বা খাবার হিসেবে গ্রহণ করবেন। চিতই পিঠা দুপুরে বা রাতের ভাত বা রুটির পরিবর্তে দুই থেকে তিনটি খেতে পারেন। ভাপা পিঠাও কোনো বেলার মূল খাবারের পরিবর্তে এক থেকে দুটি খেতে পারেন।

২. যেহেতু পিঠা উচ্চ ক্যালরিরুক্ত, তাই বেশি খেয়ে ফেলেলে ৩০ মিনিট অতিরিক্ত হাঁটবেন বা কায়িক পরিশ্রম করে নেন।

জোট সরকারের মন্ত্রিসভায় গাজা যুদ্ধবিরতি চুক্তি অনুমোদন



ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর নেতৃত্বাধীন জোট সরকারের মন্ত্রিসভায় অনুমোদন পেয়েছে ফিলিস্তিনের গাজায় যুদ্ধবিরতির চুক্তি। এর মধ্য দিয়ে গাজায় দীর্ঘ ১৫ মাস ধরা চলা রক্তক্ষয়ের অবসান হওয়ার পথ খুলছে বলে আশা করা হচ্ছে। আগামীকাল রোববার থেকে গাজায় যুদ্ধবিরতি কার্যকর হওয়ার কথা। গাজায় ৪৬০ দিনের বেশি সময় ধরে ইসরায়েলের নির্বিচার হামলায় ৪৬ হাজার ৭৮৮ জনের বেশি মানুষ নিহত হয়েছেন। আহত মানুষের সংখ্যা ১ লাখ ১০ হাজারের বেশি। আজ শনিবার ভোরের দিকে ইসরায়েলের জোট সরকারের মন্ত্রিসভায় যুদ্ধবিরতির চুক্তি অনুমোদন পায়। এর আগে টানা ছয় ঘণ্টা বৈঠক করেন নেতানিয়াহু সরকারের মন্ত্রীরা। নেতানিয়াহুর দপ্তরের পক্ষ থেকে এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়। বিবৃতিতে বলা হয়েছে, 'জিম্মাদের ফিরিয়ে আনার উক্তির (ফ্রেমওয়ার্ক) অনুমোদন দিয়েছে ইসরায়েল সরকার। রোববার থেকে এটা কার্যকর হবে। এর আগে গতকাল শুক্রবার ইসরায়েলের জাতীয় নিরাপত্তাবিষয়ক মন্ত্রিসভা যুদ্ধবিরতি চুক্তি অনুমোদন করে। ইসরায়েলি সংবাদমাধ্যমের বরাতে আল-জাজিরার প্রতিবেদনে বলা হয়েছে, নেতানিয়াহুর জোট সরকারের মন্ত্রিসভার ২৪ সদস্য যুদ্ধবিরতি চুক্তির পক্ষে ভোট দিয়েছেন। আর বিপক্ষে ভোট দিয়েছেন ৮ জন। যুদ্ধবিরতি চুক্তির বিপক্ষে অবস্থান নেওয়া আট মন্ত্রীর মধ্যে দুজন নেতানিয়াহুর রাজনৈতিক দল লেভি দ্য পাটির। তাঁরা হলেন জিওর্ডা আমসালেম ও অমিচাই চিকলি। এ ছাড়া একই দলের সালেমো কারাই মন্ত্রিসভার ঠেঁকে উপস্থিত ছিলেন না। তিনি ইসরায়েলের যোগাযোগমন্ত্রী

হামাসের সঙ্গে যুদ্ধবিরতির বিপক্ষে অবস্থান নিয়েছেন ইসরায়েলের জাতীয় নিরাপত্তাবিষয়ক মন্ত্রী ইতামার বেন গাভি। তিনি একটি উগ্র ডানপন্থী দলের নেতা। একই দলের আরও দুজন যুদ্ধবিরতি চুক্তির বিপক্ষে ভোট দিয়েছেন। যুদ্ধবিরতি চুক্তি অনুমোদন করার পরিস্থিতিতে জোট সরকার ছাড়ার হুমকি দিয়েছে ইতামারের রাজনৈতিক দল। তিন ধাপে যুদ্ধবিরতি ২০২৬ সালের ৭ নভেম্বর ইসরায়েলে হামলা চালায় ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাস। এই

হামলায় ১ হাজার ২০০ জনের বেশি নিহত হন। জিম্মি করে গাজায় নিয়ে যাওয়া হয় আড়াই শ জনের বেশি মানুষকে। তাঁদের মধ্যে অনেককে মুক্তি দিয়েছে হামাস। ইসরায়েলের দেওয়া হিসাব অনুযায়ী, গাজায় হামাসের কাছে এখনো ৯৮ জন জিম্মি জীবিত অথবা মৃত অবস্থায় রয়েছেন। হামাসের হামলার দিন থেকেই গাজায় নির্বিচারে হামলা শুরু করে ইসরায়েল। গাজা কর্তৃপক্ষের হিসাবে, এই হামলায় এখন পর্যন্ত ৪৬ হাজারের বেশি ফিলিস্তিনি নিহত হয়েছেন। আহত হয়েছেন ১ লাখ ১০ হাজারের বেশি মানুষ। বাস্তবতায় হতেছেন লাখে লাখে মানুষ। যে যুদ্ধবিরতি চুক্তিটি বাস্তবায়ন করে অপেক্ষায় রয়েছে, তা তিন ধাপে কার্যকর করা হবে। এর মধ্যে প্রথম ধাপ হবে ছয় সপ্তাহের। এ সময় ৩৩ জন ইসরায়েলি জিম্মিকে মুক্তি দেবে হামাস। এর বিনিময়ে ইসরায়েলি কারাগারে বন্দী থাকা ১৯ বছরের কম বয়সী নারী ও শিশুদের মুক্তি দেওয়া হবে। এ সময় গাজা থেকে ইসরায়েলি বাহিনীর একটি অংশকে সরিয়ে নেওয়া হবে। এরপর শুরু হবে তৃতীয় ধাপ। এই ধাপে ইসরায়েলের বাকি জীবিত জিম্মিদের মুক্তি দেবে হামাস। এর বিপরীতে আরও ফিলিস্তিনি বন্দীদের মুক্তি দেওয়া হবে। গাজা থেকে ইসরায়েলি সেনাদের পুরোপুরি সরিয়ে নেওয়া হবে। আর তৃতীয় ধাপে ইসরায়েলের কাছে মৃত জিম্মিদের বদেহ ফেরত দেওয়া হবে। গাজা পুনর্গঠন শুরু হবে।

‘বিচারের নামে প্রহসন’

কলকাতা, ১৮ জানুয়ারিঃ শনিবার শিয়ালদা আদালতে আর জি কর কান্তের রায় ঘোষণা করা হয়েছে। সপ্তয়্য রাত্রে দেশী সাব্যস্ত করা হয়েছে। আগামী সোমবার সাজা ঘোষণা করা হবে। এর পরিস্থিতিতে এস ইউ সি আই (কমুনিস্ট)-এর তরফে কটাক্ষ করে বিচারের নামে প্রহসন বলে অভিহিত করা হয়েছে।

Name Change.
I,MD ABU JAFAR MONDAL,SON OF MD NURUL ISLAM MONDAL, RESIDING AT GACHHA PASCHIMPARA,BASIRHAT, NORTH 24 PARGANAS - 743292,WEST BENGAL.SHALL HENCEFORTH BE KNOWN AS ABUJAFAR MONDAL VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 31/12/2024.THAT MD ABU JAFAR MONDAL AND ABUJAFAR MONDAL BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I, CHANDRA HALDAR, SON OF SON OF ANIL HALDAR, RESIDING AT VILL & PO - KHAIRAMARI, MURSHIDABAD - 742303, WEST BENGAL.SHALL HENCEFORTH BE KNOWN AS CHANDRA HALDER VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC KOLKATA ON 17/01/2025.THAT CHANDRA HALDAR AND CHANDRA HALDER BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I,DIPAK KUMAR MALLIK,SON OF DWIJENDRA NATH MALLIK, RESIDING AT ABHISHIKTA APARTMENT,85 INDRALAKE ROAD NO 4, SODEPUR, PANIHATI, BARRACKPORE, NORTH 24 PARGANAS - 700110, WEST BENGAL.SHALL HENCEFORTH BE KNOWN AS DIPAK MALLIK VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE LD 1ST CLASS JUDICIAL MAGISTRATE AT BARASAT ON 08/11/2024.THAT DIPAK KUMAR MALLIK AND DIPAK MALLIK BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I,SHARMISTHA SINHA BANERJEE,WIFE OF MUKTI KAM SINHA, RESIDING AT 3 RAJDANGA MAIN ROAD,PO - HALTU, KASBA,KOLKATA - 700078, WEST BENGAL. SHALL HENCEFORTH BE KNOWN AS SHARMISTHA SINHA VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC KOLKATA ON 17/01/2025.THAT SHARMISTHA SINHA BANERJEE AND SHARMISTHA SINHA BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I,MASHIUR RAHAMAN,SON OF JAMAT ALI MONDAL, RESIDING AT RESIDING AT MOLLAPARA, PO - JOYPUL, NORTH 24 PARGANAS - 743234,WEST BENGAL.SHALL HENCEFORTH BE KNOWN AS MOSHIUR RAHAMAN VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC KOLKATA ON 17/01/2025.THAT MASHIUR RAHAMAN AND MOSHIUR RAHAMAN BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON PERSON.

Name Change
I,MD KALIMULLA & MO KARIMULLA AND KARIMULLA, SON OF MAJED ALI, RESIDING AT VILL - RANGMAHAL, ARKHALI, AMDANGA, NORTH 24 PARGANAS - 743221, WEST BENGAL. SHALL HENCEFORTH BE KNOWN AS KALI MOLLA VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC KOLKATA ON 16/01/2025. THAT MD KALIMULLA & MO KARIMULLA AND KARIMULLA ALSO KALI MOLLA ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I,MOSLEM GAYIN AND GAYIN MOSLEM & MOSLEM,SON OF DEOYAN GAYIN, RESIDING AT ENAYETPUR, BADI, ISWARIPUR, SOUTH 24 PARGANAS - 743502,WEST BENGAL. SHALL HENCEFORTH BE KNOWN AS MOSLEM GAIN VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC KOLKATA ON 16/01/2025.THAT MOSLEM GAYIN AND GAYIN MOSLEM & MOSLEM ALSO MOSLEM GAIN ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I, Brijvan Shaw son of Shrimangal Shaw (old name of my and father), D.O.B - 10/07/1989, residing at - A-16, Chhaynavi, Salt Lake, Sector - 4, P.O. - Nowhangra, North 24 Parganas, Pin-700105, WEST BENGAL, INDIA have changed my and my father name and we shall henceforth be known as Brij Bhan Gupta son of Shiv Mangal Gupta vide an affidavit sworn before the Ld. 1ST class judicial magistrate at Kolkata 20/12/2024.

Name Change
I, Mohammed Ariff (old name) son of Late Mohammad Yusuf, residing at 4/11/H/3, Bhukalash Road, P.S.- Ekbalpole, Kolkata- 700023, West Bengal, India, shall henceforth be known as Mohammed Ariff (new name) vide an affidavit sworn before the notary public at Kolkata on 17/01/2025. Mohammed Ariff (new name) and Mohammed Ariff (old name) both are the same and one identical person.

নাম পরিবর্তন
আমি, Rama Devi (পুরাতন নাম) পিতা Late Harendra Nath Bala , টিকনা 11, Sabuj Sarani, P.O.- Rabindra Nagar, P.S.- Dum Dum, Dist-North 24 Parganas, Pin- 700065, West Bengal, India, কলকাতায় নোটারি নোটারি পাবলিক, Dated 16.01.2025 এর Affidavit দ্বারা আমার নাম এমন থেকে Rama Chakraborty (নতুন নাম) নামে পরিচিত হলাম। Rama Chakraborty (নতুন নাম) এবং Rama Devi (পুরাতন নাম) একই ব্যক্তি।

নাম পরিবর্তন
আমি, Biswajit Bhattacharjee (পুরাতন নাম) পিতা Late Bishnupada Bhattacharjee , টিকনা Sarada Sarani, West Hridaypur, P.S.- Barasat, Dist-North 24 Parganas, Pin- 700127, West Bengal, India, কলকাতায় নোটারি নোটারি পাবলিক, Dated 16.01.2025 এর Affidavit দ্বারা আমার নাম এমন থেকে Biswajit Bhattacharjee (নতুন নাম) নামে পরিচিত হলাম। Bishwajit Bhattacharjee (নতুন নাম) এবং Biswajit Bhattacharjee (পুরাতন নাম) একই ব্যক্তি।

Name Change.
I, ROKEYA KHATUN MY DAGHTER KUSUM MALLICK HER BIRTH CERTIFICATE MY NAME HAS BEEN RECORDED AS ROKEYA MALLICK AFFIDAVIT BY NOTARY PUBLIC KRISHNAGAR ON 9/12/24 I ROKEYA KHATUN AND ROKEYA MALLICK IS SAME PERSON MY ACTUAL NAME IS ROKEYA KHATUN. R/O AMIRUDDIN PANJABI LANE KRISHNAGAR NADIA

Name Change
I, Manjit Kaur (old name) wife of Prithpal Singh, residing at 126/1, Girish Ghosh Road, Liluah,P.S.- Belur, Howrah- 711202, West Bengal, India, shall henceforth be known as Parminder Kaur (new name) vide an affidavit sworn before the notary public at Kolkata on 17/01/2025. Parminder Kaur (new name) and Manjit Kaur (old name) both are the same and one identical person.

Name Change
I, RENUKA BIBI (Old Name) W/o- MD SAFIRUDDIN SK, Residing at, Vill- Gharialchak, Post- Kalichak, Ps- Kalichak, Dist- Malda, Pin- 732201, West Bengal. Do hereby declare that I have Changed my name from RENUKA BIBI TO RENUKA YASMIN (New name) and hence forth I Shall be Known as (New name) RENUKA YASMIN in all purpose Vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 14 Jan 2025, RENUKA YASMIN and RENUKA BIBI both are Same and one identical person.

Name Change
I, SAFIRUDDIN SEKH (Old Name) S/o- Late JALIL SK, Residing at, Vill- Gharialchak, Post- Kalichak, Ps- Kalichak, Dist- Malda, Pin- 732201, West Bengal. Do hereby declare that I have Changed my name from SAFIRUDDIN SEKH TO MD SAFIRUDDIN SK (New name) and hence forth I Shall be Known as (New name) MD SAFIRUDDIN SK in all purpose Vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 14 Jan 2025, MD SAFIRUDDIN SK and SAFIRUDDIN SEKH both are Same and one identical person.

Name Change
I, PROMATHA SAMAJDAR (Old Name) S/o- FATIK CHANDRA SAMAJDAR, Residing at, Vill- Bagrapur, Post- Rajar math, Ps- Chakdaha, Dist- Nadia, Pin- 741223, West Bengal. Do hereby declare that I have Changed my name from PROMATHA SAMAJDAR TO PRAMATHA RANJAN SAMAJDAR (New name) and hence forth I Shall be Known as (New name) PRAMATHA RANJAN SAMAJDAR in all purpose Vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 14 Jan 2025, PRAMATHA RANJAN SAMAJDAR and PRO- MATHA SAMAJDAR both are Same and one identical person.

Name Change
I, ROHEMA BIBI (Old Name) W/o- ANESUR RAHAMAN, Residing at, Vill- Durgapur, Post- Nayansukh, Ps- Farakka, Dist- Murshidabad, Pin- 742202, West Bengal. Do hereby declare that I have Changed my name from ROHEMA BIBI TO RAHIMA BIBI (New name) and hence forth I Shall be Known as (New name) RAHIMA BIBI in all purpose Vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 14 Jan 2025, RAHIMA BIBI and ROHEMA BIBI both are Same and one identical person.

Name Change
I, SARIDA KHATUN (Old Name) W/o- JAHIRUL ISLAM, Residing at, Vill- Durgapur, Post- Nayansukh, Ps- Farakka, Dist- Murshidabad, Pin- 742202, West Bengal. Do hereby declare that I have Changed my name from SARIDA KHATUN TO SARIDA BIBI (New name) and hence forth I Shall be Known as (New name) SARIDA BIBI in all purpose Vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 14 Jan 2025, SARIDA BIBI and SARIDA KHATUN both are Same and one identical person.

Name Change
I, MASUD MIA & MD MASUD MIAN (Old Name) S/o- ANSAR MIAN, Residing at, Vill- Hatimari suryadighi, Post- Hatimari, Ps- Gazole, Dist- Malda, Pin- 732102, West Bengal. Do hereby declare that I have Changed my name from MASUD MIA & MD MASUD MIAN TO MASUD MIA (New name) and hence forth I Shall be Known as (New name) MASUD MIA in all purpose Vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 14 Jan 2025, MASUD MIAN and MASUD MIA & MD MASUD MIAN both are Same and one identical person.

Name Change
IAJIT MOLLA (OLD NAME)/S/O LATE AMJET ALI MOLLA, RESIDING AT VILL- RAMNATHPUR, PO - KHARUPALA, PS- HAROA,PIN-743425. DIST-24 PARGANAS (NORTH),WEST BENGAL HAVE CHANGED MY NAME AND SHALL HENCEFORTH BE KNOWN AS AJIT ALI MOLLA(NEW NAME) AS DECLARED BEFORE THE LD 1ST CLASS JUDICIAL MAGISTRATE AT BASIRHAT, ON 24 /07/2024 AJIT MOLLA (OLD NAME) AND AJIT ALI MOLLA (NEW NAME) BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I,PARESH CHANDRA NATYAKAR @ PORESH NATTKAR @ PARESH CHANDRA NATTKAR (OLD NAME)/S/O LATE NITAI NATTKAR, RESIDING AT VILL-RASULPUR, PO-BHANDERKOL,PS -GORAL NAGAR,PIN- 743290, DIST-24 PARGANAS (NORTH),WEST BENGAL HAVE CHANGED MY NAME AND SHALL HENCEFORTH BE KNOWN AS PARESH NATTKAR (NEW NAME) AS DECLARED BEFORE THE LD 1ST CLASS JUDICIAL MAGISTRATE AT BONGAON ON 06/12/2024. PARESH CHANDRA NATYAKAR,PORESH NATTKAR, PARESH CHANDRA NATTKAR(OLD NAME) AND PARESH NATTKAR(NEW NAME) ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I,MD AABID,SON OF MD FAROOQUE, RESIDING AT KASEARA,ALI NAGAR,(PS - POLBA, HOOGHLY RURAL - 712102, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS MD ABID, SON OF FARQUE MD VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC KOLKATA ON 17/01/2025.THAT MD AABID AND FARQUE MD BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

ফুলকপি দিয়ে কোড়াল মাছ রান্না



উপকরণঃ কোরাল মাছ ১ কেজি, কাঁচা মরিচ আধা কাপ, শর্ষের দানা ২ চা-চামচ, রসুনের কোয়া ৪টি, হলুদগুঁড়া ২ চা-চামচ, লবণ পরিমাণমতো, ফুলকপি আধা

কেজি, শর্ষের তেল ৪ টেবিল চামচ, পেঁয়াজকুচি আধা কাপ, টমেটো ৬-৪টি, কাঁচা মরিচ ৪-৫টি ফালি করা।

প্রণালিঃ কোরাল মাছের টুকরা ধুয়ে

জল ঝরিয়ে নিন। কাঁচা মরিচ সেক্ধ করে নিন। কাঁচা মরিচের সঙ্গে রসুনের কোয়া, শর্ষের দানা ও লবণ দিয়ে শিলপাটায় পিয়ে নিন। ফুলকপি টুকরা করে ধুয়ে নিন। সসপ্যানে তেল দিয়ে পেঁয়াজ কষিয়ে নিন।

হলুদের গুঁড়া দিন। পেঁয়াজের কাঁচা ভাব চলে গেলে রসুণবাটার মিশ্রণ আর অর্ধেক টমেটো দিয়ে কষাতে হবে। ফুলকপি দিয়ে সামান্য জল দিয়ে কষিয়ে নিন। প্রয়োজন অনুযায়ী লবণ দিন। মাছ দিয়ে আরেকটু ক্যান। টমেটো দিয়ে বসা বোলা করুন। মৃদু আঁচে কিছুক্ষণ ঢাকনা দিয়ে রেখে দিন। ধনেপাতা ও কয়েকটা কাঁচা মরিচ ফালি দিয়ে নামিয়ে নিতে হবে। রোঁমা ওঁড়া ভাত দিয়ে পরিবেশন করুন। এ রান্না নতুন ফুলকপি দিয়ে করতে হয়।

ছোট ট্যাংরা মাছে পুতা বেগুন

উপকরণঃ কয়েক রকমের ছোট মাছ আধা কেজি, গোটা শুকনা মরিচ আধা কাপ, রসুনের কোয়া ৬-৪টি, শর্ষের তেলে ৪ টেবিল চামচ, পেঁয়াজকুচি আধা কাপ, শর্ষের দানা ২ চা-চামচ, হলুদগুঁড়া ১ চা-চামচ, লবণ পরিমাণমতো, টমেটো ২-৩টি, জল পরিমাণমতো, পুতা বেগুন ২টি (গোল সবুজ বেগুন), ছুরি স্টুটকি ১টির অর্ধেক, কাঁচা মরিচ প্রয়োজনমতো, ধনেপাতা পরিমাণমতো।

প্রণালিঃ ছোট মাছ ভালো করে বেগুন। ধুয়ে নিতে হবে। শুকনা মরিচ জলেতে ভিজিয়ে নিন। এবার রসুন, জলে ভেজানো মরিচ, শর্ষে শিলপাটায় পিয়ে নিতে হবে। প্যানে তেল গরম করে নিন। পেঁয়াজ দিয়ে



কষাতে হবে। পেঁয়াজের কাঁচা ভাব চলে গেলে রসুনবাটার মিশ্রণ, হলুদগুঁড়া, লবণ দিয়ে দিন। কয়েক টুকরা টমেটো দিয়ে কষাতে হবে। প্রয়োজনে একটু জল দিতে হবে। এরপর টুকরা করা পুতা বেগুন, স্টুটকি দিয়ে কষিয়ে নিন। মাছ ও বাকি টমেটো দিয়ে দিন। মাখা মাখা ঝোল করে রান্না করতে হবে। কাঁচা মরিচ, ধনেপাতা দিয়ে নামান।

ভ্যানে করে পুডিং বিক্রি করছেন ডোনাল্ড ট্রাম্পের মতো দেখতে পাকিস্তানের সালিম বাগা

পাকিস্তানের পূর্বাঞ্চলীয় পাঞ্জাব প্রদেশের শাহিওয়ালে রাস্তার পাশে ভ্যানে করে পুডিং বিক্রি করেন সালিম বাগা। হঠাৎ করে তাঁকে দেখলে যে কেউ বিভ্রান্ত হবেন, নবনির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প কোথেকে এখানে এলেন পুডিং বেচতে। তাঁকে দেখতে অনেকটা ট্রাম্পের মতো লাগে বলে তাঁর ব্যবসাও ভালো। উৎসুক প্রচুর মানুষ তাঁর ড্রামামাংগ দোকানে পুডিং খেতে আসেন। স্থানীয় মোহাম্মদ ইয়াসিন বলেন, ‘আমাদের মনে হয়, যেন ডোনাল্ড ট্রাম্প এখানে পুডিং বিক্রি করতে এসেছেন।’ ইয়াসিন সব সময় বাগা থেকে পুডিং কিনে থাকেন। ইয়াসিন বলেন,



পুডিং বিক্রির জন্য যখন বাগা গান গাইতে শুরু করেন, তখন আরও বেশি মানুষ তাঁর কাছে ছুটে আসেন।

সময় তাঁর পরনে ছিল কালো জ্যাকেট। বাগার শ্বেতরোগের কারণে ব্রুক পুরোপুরি সাদা। আর চুল ট্রাম্পের মতোই স্বর্ণকেশি। তাঁর পুডিং কেনার জন্য যখন মানুষ তাঁর ভ্যানের চারপাশে জড়ো হচ্ছিলেন, তিনি তখন পাঞ্জাবি গান গাইচ্ছিলেন। তাঁর সেই গান আরও বেশি মানুষকে আকৃষ্ট করছিল। এতে ভিড় আরও বাড়ছিল। স্থানীয় বাসিন্দা ইমরান আশরাফ বলেন, ‘তাঁর পুডিং সত্যিই সুস্বাদু। আমরা তাঁর সঙ্গে কথা বলি। তাঁর সঙ্গে সেলফি তুলি। আমরা আমাদের বন্ধুদের বলি, আমরা ট্রাম্পের সঙ্গে ছবি তুলেছি।’ পাঞ্জাব প্রদেশের শাহিওয়াল বাজারে তাঁর প্রতি

মানুষের আগ্রহ এবং তাঁর দিকে অসংখ্য ক্যামেরা তাক করা দেখে খুব মাঝে মাঝে অপ্রস্তুত হয়ে যান বাগা। এমনকি প্রতিবেশীরাও তাঁকে নিয়ে প্রায়ই মাতামাতি করে থাকেন। বাগা বলেন, ‘ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে আমার চেহারা মিল রয়েছে। এ কারণে মানুষজন আমার সঙ্গে সেলফি তোলে। এটি আমার বেশ ভালো লাগে।’ রয়টার্সের সঙ্গে আলাপকালে বাগা ডোনাল্ড ট্রাম্পের উদ্দেশে বলেন, ‘আপনি নির্বাচনে জয়ী হয়েছেন। এখন এখানে সফরে আসুন আর আমার পুডিংয়ের স্বাদ নিন। আশা করি, আপনি এই খাবার খেয়ে মজা পাবেন।’

উন্নতমানের সুরক্ষার জন্য উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে দ্বারা পরিকাঠামোগত অবস্থার উপর ক্রমাগত পর্যবেক্ষণ



মালিগাঁও, ১৮ জানুয়ারিঃ উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে ট্রেন যাত্রাকে সুরক্ষিত ও নিরাপদ করার জন্য অবিরাম প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এটি তার পরিকাঠামোগত উন্নয়ন ও রক্ষণাবেক্ষনের জন্য প্রযুক্তিগত ভাবে উন্নত ব্যবস্থা গ্রহণ করে চলেছে। দক্ষতা এবং সুরক্ষা আরও বৃদ্ধি করার জন্য, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে জোনের মধ্যে বিভিন্ন সেকশনের তার বিদ্যমান সিগন্যালিং সিস্টেমে বিভিন্ন আপগ্রেডেশন এবং প্রতিস্থাপন করেছে। ডিসেম্বর ২০২৪-এর সময়ে, উত্তর পূর্ব

সীমান্ত রেলওয়ে রঙিয়া ডিভিশনের ০৬টি স্থানে ক্ল্যাম্প টাইপ লকিং সহ থিক ওয়েব সুইচ পয়েন্ট মেশিন স্থাপন করেছে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে কাটিহারে ১০টি, আলিপুরদুয়ারে ০২টি এবং রঙিয়া ডিভিশনে ০১টি পয়েন্ট মেশিন প্রতিস্থাপন করেছে যার ফলে লাইনায়ুত হওয়া রোধ করতে এবং যাত্রী ও মালবাহী ট্রেন সুরক্ষিতভাবে চলাচল নিশ্চিত করতে পরিকাঠামোগত উন্নতি হয়েছে। রেভেল ক্রসিং গেটে সুরক্ষা বৃদ্ধি করার জন্য কাটিহার, লামডিং ও

তিনসুকিয়া ডিভিশনের বিভিন্ন স্থানে পাঁচটি লেভেল ক্রসিং গেটে ইলেক্ট্রিক লিফটিং ব্যারিয়ার প্রতিস্থাপন করা হয়েছে। তিনসুকিয়া, লামডিং ও আলিপুরদুয়ার ডিভিশনের বিভিন্ন স্টেশনে ৪.৬৪২ কিমি সিগন্যালিং ক্যাবল নতুন ভাবে স্থাপন করা হয়েছে। রেলের সম্পত্তির কোনও ক্ষতি রোধ করার জন্য সুরক্ষা ব্যবস্থার অংশ হিসাবে ০৬টি স্টেশনে অটোম্যাটিক ফায়ার ডিটেকশন এবং অ্যালার্ম সিস্টেম চালু করা হয়েছে, যার মধ্যে একটি রঙিয়ায় এবং অন্য দুটি লামডিং ডিভিশনে রয়েছে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে ৬২টি লেভেল ক্রসিং গেটে সিস্টেম ইন্টিগ্রেটিং টেস্টিং করা হয়েছে। সমস্ত পাঁচটি ডিভিশনে বিভিন্ন ক্ষমতাসূচক মোট ২৫৬টি সিগন্যালিং ব্যাটারিও বদলে দেওয়া হয়েছে, যা সুরক্ষা গিয়ারগুলির নির্ভরযোগ্যতা আরও উন্নত করেছে। চালক ও অপারেটরদের চান্সু মত্যা প্রদান করে ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করার জন্য আধুনিক যোগাযোগ ব্যবস্থা ব্যবহার করা হচ্ছে। রেলওয়ে ব্যবস্থায় পরিকাঠামোগত আপগ্রেডেশন ট্রেনের সুরক্ষিত চলাচল নিশ্চিত করে, এবং তাদের নির্ভরযোগ্যতা এবং রক্ষণাবেক্ষণ নির্ভরযোগ্যতা এবং রক্ষণাবেক্ষণ সার্বসামগ্রিক রেল পরিচালনের ক্ষমতাকে প্রভাবিত করে।

রাজস্ব আদায়ের উপরে জোর

কলকাতা, ১৮ জানুয়ারিঃ রাজ্য সরকার চলতি অর্থ বছরের শেষ তিন মাসে সর্বোচ্চ পরিমাণ রাজস্ব আদায়ের উপরে জোর দিয়েছে। ভূমি ও ভূমি সংস্থার দপ্তরের তরফে প্রতিটি জেলা প্রশাসনকে লিখিত নির্দেশ দিয়ে ইটভাটা, বালি ও পাথর খাদনগুলি থেকে রাজস্ব আয় বাড়ানোর কথা বলা হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। এই জন্যে দুই বর্ধমান, বীরভূম, দক্ষিণ চব্বিশ পরগনা, জলপাইগুড়ি জেলাকে রাজস্ব আয় বৃদ্ধির জন্যে আরও সতর্ক হওয়ার কথা বলা হয়েছে।



ঘাড়ে ব্যথা, রনজি খেলবেন না বিরাট



১৮ জানুয়ারি : রনজি ট্রফি খেলছেন না বিরাট কোহলি। শোনা যাচ্ছে,বিশেষ সূত্র মারফৎ জানতে পারা গিয়েছে, বিসিসিআই-কে সিদ্ধান্তের কথা জানিয়েও দিয়েছেন তিনি। যার কারণ হিসেবে উঠে এসেছে ঘাড়ের চোটের কথা। কিন্তু প্রশ্ন উঠছে, কবে চোট পেলেন তিনি। অস্ট্রেলিয়া সফরে চোট পেয়েছেন এরকম কোনও খবর কররই জানা নেই। তাই প্রশ্ন কেন তিনি সরে দাঁড়াতে চাইছেন। বর্ডার-গাভাসকার ট্রফিতে ভারতের হতশ্রী পারফরম্যান্সের পরে ভারতীয় দলের কোচ গৌতম গম্ভীর সিনিয়র ক্রিকেটারদের উদ্দেশ্যে বলেছিলেন, নিয়মিত ঘুরোয়া ক্রিকেট খেলতে হবে। সেই মর্মে বৃহস্পতিবার নির্দেশিকা জারি করে বিসিসিআই। সাক জানিয়ে দেওয়া হয়, জাতীয় দলের ক্রিকেটারদের নিয়মিত ঘুরোয়া ক্রিকেটে নামতে হবে। সেই মতো রনজি ম্যাচের আগে মুম্বই সঙ্গে অনুশীলন শুরু করেন ভারত অধিনায়ক রোহিত শর্মা। দিল্লি থেকে রনজি ট্রফির যে প্রাথমিক দল ঘোষণা করা হয়, সেখানে বিরাট ও ঋষভ শর্মা নাম রয়েছে। ঋষভ অবশ্য খেলবেন বলেই জানা যাচ্ছে। আগামী ২৩ জানুয়ারি সৌরাষ্ট্রের বিরুদ্ধে রনজি ম্যাচ রয়েছে দিল্লির। তার তিনদিন আগে রওনা দেবে পুরো দল। ম্যাচের আগে দুটি প্র্যাকটিস সেশন করবে দিল্লি। কিন্তু বিরাট করবেন। ফিল্ডসের জন্য প্রশংসিত হল তিনি। জল্পনা আরও বাড়ছে। একটা মত হচ্ছে, অস্ট্রেলিয়ায় পঞ্চম টেস্ট চলাকালীন চোট পান তিনি। ইনজেকশন নিয়েও নাকি খেলতে নেমেছিলেন। কিন্তু বিপরীত মতও আছে। সেখানে কোনও চোটের ঘটনা ঘটেনি বলে একাংশের ধারণা।

অস্ট্রেলিয়ান ওপেন ২০২৫ চতুর্থ রাউন্ডের যোগ্যতা অর্জন সুইয়েটেকের



মেলবোর্ন, ১৮ জানুয়ারি : শনিবার এমা রাদুকানুর বিরুদ্ধে জয়ী হয়ে চতুর্থ রাউন্ডে প্রবেশ করে ইগা সুইয়েটেক প্রথম অস্ট্রেলিয়ান ওপেন শিরোপা অর্জনের পথে এগিয়েছেন। র‌্য ল্যান্ডার অ্যারেনায় পাঁচবারের গ্র্যান্ড স্ল্যাম বিজয়ী সুয়াটেক সহজেই রাদুকানুর বিরুদ্ধে ১-১ থেকে টানা ১১ গেম ৬-১, ৬-০-তে জয়লাভ করেছেন। ২২ বছর বয়সী রাদুকানুকে শুরু থেকেই প্রচণ্ড চাপের মধ্যে রেখেছিলেন সুয়াটেক। এই প্রথমবার রাদুকানু, ২০২১ ফ্লোরিং মেলবোর্ন, মেলবোর্নে তৃতীয় রাউন্ডে পৌঁছেছিলেন।

নতুন জীবন পাওয়ার কাহিনি শোনালেন ভারতের প্রাক্তন কোচ

১৮ জানুয়ারি : মৃত্যুর মুখ থেকে ফিরে আসার গল্প শোনালেন ভারতের মহিলা দলের প্রাক্তন কোচ ডব্লিউডি রামন। সোশাল মিডিয়ায় তিনি গত মঙ্গলবারের দুর্বিষহ অভিজ্ঞতা ভাগ করে নিয়েছেন বলে দেখা গিয়েছে। এমন তিনি অনেকটাই সৃষ্টি। কিন্তু মৃত্যুকে খুব কাছ থেকে দেখায় রীতিমতো আতঙ্কিত তিনি। ২০১৮ থেকে তিনি ভারতের মহিলা দলের কোচ হয়েছিলেন। এছাড়াও আইপিএলের বিভিন্ন দলের সঙ্গেও নানা সময়ে যুক্ত ছিলেন রামন। নাইট রাইডার্সের ব্যাটিং কোচও ছিলেন। বাংলা ক্রিকেট দলের ব্যাটিং পরামর্শদাতাও হয়েছিলেন। সোশাল মিডিয়ায় তিনি লিখেছেন, ‘ মঙ্গলবার আমার আচমকা ভাইরাল ইনফেকশন হয়। আমার ডাক্তার কিছু ওষুধ খেতে বলেন। এক ঘণ্টা পর সেগুলো খাই। কিন্তু ঘণ্টা দুয়েক পরে বুঝতে পারি, শরীরের বিভিন্ন অংশ ফুলে গিয়েছে। সারা শরীরে সেগুলো ছড়িয়ে পড়ে। ডাক্তারের সঙ্গে যোগাযোগ করলে তিনি বলেন দ্রুত হাসপাতালে গিয়ে অ্যালার্জির ইনজেকশন নিতে। আর কিছুক্ষণ দেরি করলে হয়তো আমার মুখ দিয়ে রক্ত বেরিয়ে আসত।’ তার বাড়ি থেকে হাসপাতাল ৩ কিলোমিটার দূরে। সেই পথ পাড়ি দেওয়ার সময় বুঝতে পারেন শরীরে প্রচণ্ড অস্বস্তি হচ্ছে। বুকে ব্যথাও শুরু হয়। সেই অবস্থাতেই কোনও রকমে হাসপাতালে পৌঁছান। দ্রুত চিকিৎসা শুরু হলেও কষ্ট কমছিল না। তিনি লিখেছেন, ‘আমি ডাক্তারকে বলি যন্ত্রণা কমছে না। শরীরের অবস্থা আরও খারাপ হতে থাকে। ৪৫-৬০ সেকেন্ডের জন্য যেন মৃত্যুর সঙ্গে দেখা হয়েছিল। কয়েক মিনিটের জন্য অজ্ঞান হয়ে গিয়েছিলাম।’ তবে ডাক্তারদের তৎপরতায় বড়সড় কোনও বিপদ ঘটেনি। নিশ্চিত মৃত্যুর হাত থেকে বাঁচানোর জন্য চেন্নাইয়ের হাসপাতালের ডাক্তারদের ধন্যবাদও জানিয়েছেন তিনি। পরদিনই সুস্থ হয়ে মহিলাদের ভারত বনাম আয়ারল্যান্ড সিরিজের জন্য রওনা দেন।

সংসদ সদস্যকে বিয়ের প্রস্তাব রিংকু সিংয়ের



১৮ জানুয়ারি : এ মুহূর্তে ভারতীয় ক্রিকেটে আলোচনার কেন্দ্রে চ্যাম্পিয়নস ট্রফির দল। তবে এর মধ্যেই আলোচনায় রিংকু সিংয়ের বিয়ে। না, বিয়ে করে ফেলেননি। তবে ২৭ বছর বয়সী এই ব্যাটসম্যান বিয়ে করতে চলেছেন। আলোচনার কারণ বিয়ের পাত্রী। রিংকুর বিয়ে ঘিরে যার নাম শোনা যাচ্ছে, তিনি ভারতের লোকসভার সংসদ সদস্য সমাজবাদী দলের প্রিয়া সরোজ। গুজুন উঠেছে, রিংকু-প্রিয়ার বিয়ে নাকি এরই মধ্যে হয়ে গেছে। এ নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে অনেকে রিংকুকে শুভেচ্ছা ও শুভচাকানাও জানিয়েছেন। তবে বিপত্তি বাঁধিয়েছেন পাত্রীর বাবা। তিনি জানানেন, বিয়ে হয়নি। তবে প্রিয়ার বাবা তুফানি সরোজ রিংকুর সঙ্গে তাঁর মেয়ের বিয়ের বিষয়টি উড়িয়েও দেননি। এক খবরে বলা হয়, তুফানি জানিয়েছেন, দুই পরিবারের মধ্যে বিয়ে নিয়ে কথা চলছে, তবে বাপদান হয়নি। তুফানি নিজেও একজন রাজনীতিবিদ। উত্তর প্রদেশের কেরাকোটের এমএলএ তিনি। ভারতের একটি সংবাদমাধ্যমে তিনি বলেছেন এভাবে, ‘ এই মুহূর্তে কাজের জন্য থ্রিকান্নাঙ্গুরামে আছি। রিংকু সিং ও প্রিয়ার বাপদানের খবর মিথ্যা। দুই পরিবারের মধ্যে কথা চলছে, কিছুই ঠিক হয়নি।’ বিয়ের প্রস্তাবটা নাকি এসেছে রিংকুর পরিবারের কাছ থেকেই। খবর, রিংকুর পরিবারের দিক থেকে প্রস্তাব গেছে প্রিয়ার বাবার স্বামীর কাছে। প্রিয়ার দুলাভাই আলীগড়ের প্রধান জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট। যদিও এ বিষয়ে কোনো মন্তব্য করেননি প্রিয়া বা রিংকু। প্রিয়ার বাড়ি উত্তর প্রদেশের বারানসিতে, রিংকুর আলীগড়ে। রিংকু জাতীয় দলে নিয়মিত না হলেও ভারতীয় ক্রিকেটের একজন উঠতি তারকা। আইপিএলে কলকাতা নাইট রাইডার্সের সঙ্গে আছে বড় অঙ্কের চুক্তি। ২৬ বছর বয়সী প্রিয়াও রাজনীতিতে এরই মধ্যে সফল। এ বছর লোকসভা নির্বাচনে মহলিশহরে বিজেপির প্রার্থী ভোলানাথ সরোজকে হারান ৩৫ হাজার ভোট। তিনি বর্তমানে লোকসভার দ্বিতীয় সর্বকনিষ্ঠ সংসদ। প্রিয়ার বাবা তুফানি এর আগে তিনবার লোকসভার সংসদ সদস্য ছিলেন। বর্তমানে উত্তর প্রদেশ বিধানসভার এমএলএ। অবশ্য রাজনৈতিক পরিবারের মেয়ে হলেও রাজনীতি প্রিয়ার প্রথম পছন্দ ছিল না। স্বপ্ন ছিল বিচারক হবেন।

আইসিসি অনূর্ধ্ব-১৯ মহিলা টি-টোয়েন্টি বিশ্বকাপ শুরু, গ্রুপ এ-তে রয়েছে ভারত

কলকাতা, ১৮ জানুয়ারি : আইসিসি অনূর্ধ্ব-১৯ মহিলা টি-টোয়েন্টি বিশ্বকাপ শনিবার থেকে শুরু হচ্ছে মালয়েশিয়ায় ড মালয়েশিয়া, শ্রীলঙ্কা এবং ওয়েস্ট ইন্ডিজের সাথে গ্রুপ এ তে রয়েছে ভারত। নিকি প্রসাদের নেতৃত্বে ভারত, রবিবার কুয়ালালামপুরের বেউমাস ওভালে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে নিজেদের অভিযান শুরু করবে। ইংল্যান্ড, আয়ারল্যান্ড, পাকিস্তান ও মার্কিন যুক্তরাষ্ট্র আছে গ্রুপ বি তে। গ্রুপ সি-তে আছে নিউজিল্যান্ড, নাইজেরিয়া, সামোয়া এবং দক্ষিণ আফ্রিকা। গ্রুপ ডি-তে রয়েছে অস্ট্রেলিয়া, বাংলাদেশ, নেপাল ও স্কটল্যান্ড। গ্রুপ পর্বের ম্যাচগুলি ২৩ জানুয়ারি পর্যন্ত হবে,



তারপরে ২৫ জানুয়ারি থেকে সুপার সিরিজ শুরু হবে। সেমিফাইনাল অনুষ্ঠিত হবে ৩১ জানুয়ারি, তারপর ফাইনাল হবে ২ ফেব্রুয়ারি

কুয়ালালামপুরের বেইউমাস ওভালে। দক্ষিণ আফ্রিকায় ২০২৬ সংস্করণে ইংল্যান্ডকে পরাজিত করে ভারত চ্যাম্পিয়ন হয়েছিল। মহিলাদের অনূর্ধ্ব-১৯ এশিয়া কাপের উদ্বোধনী সংস্করণও জিতেছিল ভারত। অনূর্ধ্ব ১৯ মহিলা টি-টোয়েন্টি বিশ্বকাপ ২০২৫-এর ভারতীয় স্কোয়াড : নিকি প্রসাদ (অধিনায়ক), সনিকা কলিঙ্গ, জি ত্রিশা, কমলিনী জি, ভাবিকা আহিরে, ঈশ্বরী আওয়াসারে, মিথিলা বিনোদ, জ্যোতিতা ভিঙ্গে, সোনম যাদব, পার্ণিকা সিসোদিয়া, কেশরী ধুতি, আনুষ্কা স্কুন্ডা, অনিদিদা কিশোর, এমডি শবনম, বৈষ্ণব

পিএসজিতে নাম লেখালেন নাপোলির ‘ম্যারাডোনা’

১৮ জানুয়ারি : কেউ বলত ‘জর্জিয়ান মেসি’, কেউ ‘কাভারিঞ্চ’। তবে থিচা কাভারান্স্কেইয়া সবচেয়ে বেশি আলোচিত হয়েছেন ‘কাভারাদোনা’ নামে। নাপোলিতে খেলা জর্জিয়ান এই উইঙ্কার এবার নাম লিখিয়েছেন ফরাসি ক্লাব পিএসজিতে। ২০২৯ সালের জুন পর্যন্ত চুক্তিতে কাভারান্স্কেইয়াকে দলে নেওয়ার কথা নিশ্চিত করেছে ফরাসি ক্লাব। ইএসপিএনের সূত্রমতে, কাভারান্স্কেইয়ার জন্য নাপোলিকে ৬ কোটি ইউরো দলবদল ফি দিচ্ছে পিএসজি। সঙ্গে আ্যড অন হিসেবে থাকছে আরও ১ কোটি ইউরো। ২৬ বছর বয়সী এই উইঙ্কার নাপোলিতে ২০২৭ পর্যন্ত চুক্তিবদ্ধ ছিলেন। জানুয়ারির শীতকালীন দলবদলে পিএসজির চুক্তি করা প্রথম খেলোয়াড় কাভারান্স্কেইয়া। ২০২২ সালে নাপোলিতে যোগ দেওয়া এই উইঙ্কারের জন্য গত মৌসুম থেকেই চেষ্টা করে আসছিল পিএসজি, বিশেষ করে যখন কিলিয়ান



দেওয়ার অনুরোধ করেছেন। গতকাল পিএসজিতে অনুষ্ঠানিকভাবে নাম লেখানোর পর কাভারান্স্কেইয়া বলেন, ‘ আসার স্বপ্ন ছিল।

প্যারিস সেন্ট জার্মেই সম্পর্কে আমি অনেক ইতিবাচক কথা শুনেছি। এখানে যোগ দিতে পেরে আমি গর্ববোধ করছি।’ পিএসজির সঙ্গে চুক্তি করার আগে কাভারান্স্কেইয়ার নাম আলোচিত হয়েছিল লিভারপুল, ম্যানচেস্টার ইউনাইটেডে ও বার্সেলোনার সঙ্গেও। নাপোলিতে ১ কোটি ৩৬ লাখ ইউরোয় যোগ দেওয়া কাভারান্স্কেইয়া প্রথম মৌসুমেই জিতেছিলেন সিরি ‘আ’ যা ইতালির শীর্ষ স্তরে ৩৬ বছরে নাপোলির প্রথম ট্রফি ক্লাবটি এর

দেওয়ার অনুরোধ করেছেন। গতকাল পিএসজিতে অনুষ্ঠানিকভাবে নাম লেখানোর পর কাভারান্স্কেইয়া বলেন, ‘ আসার স্বপ্ন ছিল। চলতি ২০২৪-২৫ মৌসুমে নাপোলির হয়ে

১৯ ম্যাচে ৫ গোলে ও ৩ অ্যাসিস্ট করেছেন কাভারান্স্কেইয়া। পিএসজিতে তাঁর অভিষেক হতে পারে আজ লিগ ‘আ’ র লাসের বিপক্ষে ম্যাচে। পিএসজি প্রেসিডেন্ট নাসের আল খেলাইফা কাভারান্স্কেইয়াকে নিয়ে বলেছেন, ‘ শুধু বর্তমান ফুটবল বিশ্বের অন্যতম রোমাঞ্চকর ফুটবলাই নয়, দলের জন্য লড়াই ও সাহসী মেজাজেরও খেলোয়াড়।’ ফরাসি লিগে পিএসজি এখন ১৭ ম্যাচে ৪৩ গলেট নিয়ে শীর্ষে অবস্থান করছে। দ্বিতীয় স্থানে থাকা মার্সেই ৭ গলেট পেছনে। তবে উয়েফা চ্যাম্পিয়নস লিগে লুইস এনরিকের দলের অবস্থান দৌদলায়মান। ৬ রাউন্ড শেষে পিএসজির অবস্থান ৩৬ দলের মধ্যে ২৫ নম্বরে। শেষ যোলার জন্য প্লে-অফ খেলতে হলেও ২৪-এর মধ্যে থাকতে হবে। চ্যাম্পিয়নস লিগে পিএসজির পরবর্তী ম্যাচ সামনের বুধবার ম্যানচেস্টার সিটির বিপক্ষে।

ফিরলেন শামি, চ্যাম্পিয়ন্স ট্রফির জন্য ১৫ সদস্যের দল ঘোষণা ভারতের

১৮ জানুয়ারি : দীর্ঘ প্রতীক্ষার অবসান হল বলা যায়। ঘোষিত চ্যাম্পিয়ন্স ট্রফির জন্য ভারতীয় দল নজরে ছিল একাধিক বিষয়। ১৯ ফেব্রুয়ারি থেকে শুরু হচ্ছে চ্যাম্পিয়ন্স ট্রফি। সেখানে চোট কাটিয়ে মহম্মদ শামি কি দলে ফিরছেন নিয়ে প্রশ্ন দেখা দিয়েছিল। বুমরাহর-র কি হবে। বিশেষ করে সাম্প্রতিক সময়ে ভারতীয় দলের দুর্বলা কটাতে চ্যাম্পিয়ন্স ট্রফিতে সাফল্য পাখির চোখ হবেই এটা বলা যেতেই পারে। এই দলই খেলবে ইংল্যান্ডের বিরুদ্ধে ওয়ানডে সিরিজে। বাড়তি হিসেবে দলে থাকছেন হর্ষিত রানা। তার বাইরে মূল লক্ষ্য চ্যাম্পিয়ন্স ট্রফিতেই। সেখানে অধিনায়ক থাকছেন রোহিতই। এদিন তিনি ও প্রধান নির্বাচক অজিত আগরকার সাংবাদিক সম্মেলন করে ১৫ সদস্যের দল ঘোষণা করলেন। সহ-অধিনায়কের দায়িত্ব দেওয়া হয়েছে শুভমান গিলকে। সাম্প্রতিক সময়ে সেভাবে ছদ্দ নেই। তাঁকে সহ-অধিনায়কের দায়িত্ব দেওয়া হয়েছে শুভমান গিলকে। সাম্প্রতিক সময়ে সেভাবে ছদ্দ নেই। তাঁকে সহ-



চুক্তিতে পারেননি। তবে আলোচনার কেন্দ্রবিদ্যুত ছিলেন মূলত দুজন। মহম্মদ শামি ও জশপ্রীত বুমরাহ। প্রথমজন চোটের জন্য দীর্ঘদিন জাতীয় দলের বাইরে। দ্বিতীয়জন সদ্য চোট পেয়েছেন। ফলে দুজনের খেলা নিয়েই সংশয় ছিল। যদিও ১৫ সদস্যের দলে জায়গা পেলেন দুজনেই। বুমরাহর চোট নিয়ে অবশ্য ঘোঁষাশা মেটেনি। সেই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে বিসিসিআইয়ের চিকিৎসকরা। ৮ বছর পর প্রত্যাবর্তন ঘটতে চলেছে চ্যাম্পিয়ন্স ট্রফির। এবারের টুর্নামেন্টে খেলবে মোট ৮টি টিম। গ্রুপ এ-তে রয়েছে

ও ৫ মার্চ। ফাইনাল ৯ মার্চ। ভারতের প্রথম ম্যাচ বাংলাদেশের বিরুদ্ধে। ম্যাচটি হবে ২০ ফেব্রুয়ারি। আর ভারত-পাকিস্তান মহারণ ২৩ ফেব্রুয়ারি। চ্যাম্পিয়ন্স ট্রফিতে ভারতীয় দলঃ রোহিত শর্মা (অধিনায়ক), যশসী জয়সওয়াল, শুভমান গিল (সহ অধিনায়ক), বিরাট কোহলি, শ্রেয়স আহিয়ার, কেএল রাহুল (উইকেটকিপার), ঋষভ পণ্ড (উইকেটকিপার), হার্দিক পাণ্ডিয়া, অক্ষর প্যাটেল, ওয়াশিংটন সূন্দর, জশপ্রীত বুমরাহ, অর্শদীপ সিং, মহম্মদ শামি, কুলদীপ যাদব, রবীন্দ্র জাদেজা।

সপ্তাহে আয় ৫ কোটির বেশি! হালান্ডের সঙ্গে সাড়ে ৯ বছরের ঐতিহাসিক চুক্তি ম্যাঞ্চেস্টার সিটির

১৮ জানুয়ারি : ম্যাঞ্চেস্টার সিটির সঙ্গে নতুন চুক্তি করলেন আলিঁ হালান্ড। আর সেই চুক্তি হল সাড়ে ৯ বছরের। অর্থাৎ ২০৩৪ পর্যন্ত ইংল্যান্ডের ক্লাব তাঁকে ধরে রাখতে পারবে। এরকম নজিরবিহীন চুক্তিতে মেসি-রোনাল্ডোদের মতো কিংবদন্তিদের পিছনে ফেলে দিলেন নরওয়ের স্ট্রাইকার। ২০২২ সালে বরসিয়া উর্টমুন্ড থেকে ম্যাঞ্চেস্টার সিটিতে আসেন হালান্ড। ইতিমধ্যে ১২৬ ম্যাচে ১১১ গোল হয়ে



হয়ে হালান্ড বলছেন, আমি খুব খুশি এই চুক্তিতে। এরকম বা ক্লাবে দীর্ঘ সময় কাটাতে পারাও গর্বের। ম্যাঞ্চেস্টার সিটির পরিবেশ খুব ভালো। যাতে প্রত্যেকের সেরাটি বেরিয়ে আসে। এখানে আমার যে

সাক্ষ্য তার জন্য পেপ গুয়ার্ডিওলার ধন্যবাদ প্রাপ্য। এছাড়া গত কয়েক বছরে ক্লাব কর্তৃপক্ষ, সাপোর্ট স্টাফ, সমর্থকরা যেভাবে প্রেরণা আরও স্পেশাল হয়ে উঠেছে। সূত্রের খবর, নতুন চুক্তিতে প্রতি সপ্তাহে ৫ কোটি টাকার বেশি রোজগার করবেন হালান্ড। তবে এই মুহূর্তে প্রিমিয়ার লিগে ভালো জায়গায় নেই ম্যাঞ্চেস্টার সিটি। ২১ ম্যাচে ৩৫ গলেট নিয়ে লিগ টেবিলে ৬ নম্বরে গত বছরের চ্যাম্পিয়নরানা। যদিও তার মধ্যে ১৬ গোল হয়ে গিয়েছে হালান্ডের। এবার দেখার নতুন চুক্তিতে কীভাবে দলকে সাফল্যের সারথিতে আনতে পারেন ২৪ বছর বয়সি তারকা।

পেলেন শচীনের প্রশংসাও, চ্যাম্পিয়ন্স ট্রফির দলে আসবে কি করুণ

১৮ জানুয়ারি : বিজয় হাজারে ট্রফিতে স্বপ্নের ফর্মে করুণ নায়া। ৭ ইনিংসে করেছেন ৭৫২ রান। ঝুলিতে রয়েছে ৫টি সেঞ্চুরি। করুণের প্রশংসায় পঞ্চমুখ শচীন তেজুস্করও। কিন্তু এত কিছু পরও প্রশ্ন, ভারতীয় দলে কি শিকে ছিড়বে বিদর্ভের হয়ে খেলা খেলোয়াড়ের। আর কিছুক্ষণের মধ্যেই চ্যাম্পিয়ন্স ট্রফির দল ঘোষণা। মাঝের সারিতে কারা খেলবেন, তা নিয়ে এখনও দ্বিধাভ্রম রয়েছে। সেখানে কি ঢুকে পড়তে পারেন ৩৬ বছর বয়সি করুণ? বিজয় হাজারে ট্রফিতে যে ফর্মে খেলেছেন, তাতে তাঁর জায়গা পাওয়া উচিত বলেই মনে করছে ক্রিকেট মহলের একাংশ। বিদর্ভ ইতিমধ্যেই ফাইনালে চলে গিয়েছে। এবার জুটল শচীন তেজুস্করের প্রশংসা। সোশাল মিডিয়ায় তিনি লিখেছেন, ‘ ইনিংসে ৭৫২ রান, সঙ্গে ৫টি সেঞ্চুরি, অসাধারণের থেকে কম কিছু নয়। এরকম পারফরম্যান্স হঠাৎ করে হয়ে যায় না। একপ্রতা ও পরিশ্রমের ফসল এই পারফরম্যান্স। আরও শক্তিশালী হয়ে খেলো আর যে সুযোগ পাবে, কাজে লাগাও।’ তবে শচীনের প্রশংসার পরও চ্যাম্পিয়ন্স ট্রফির দলে তাঁর ঢোকার সম্ভাবনা অত্যন্ত ক্ষীণ। প্রায় আট বছর তিনি জাতীয় দলের বাইরে। কিন্তু ঘুরোয়া ক্রিকেটে তাঁর রানের গতি থামেনি। বিজয় হাজারে ট্রফিতে নয়। নজির গড়েছেন করুণ। সেমিফাইনালে মহারাষ্ট্রের বিরুদ্ধে ৪৪ বলে করেছিলেন ৮৮ রান। অল্পের জন্য সেঞ্চুরি হাতছাড়া হয়েছে। বিজয় হাজারে ট্রফিতে পাঁচটি সেঞ্চুরি হয়ে গেল করুণের। ৬টি ম্যাচে তাঁর পরিসংখ্যান অনেকটা এরকম- ১১২, ৪৪, ১৬৩, ১১১, ১১২, ১২২। ফাইনালে সেঞ্চুরি করলে বিজয় হাজারেতে এক মরশুমে সবচেয়ে বেশি শতরানের রেকর্ড হয়ে যাবে তাঁর।



৮৪ বছরে জীবনাবসান, প্রয়াত কিংবদন্তী ফুটবলার ডেনিস ল

১৮ জানুয়ারি : প্রয়াত ম্যাঞ্চেস্টার ইউনাইটেড ও স্কটল্যান্ডের কিংবদন্তি ফুটবলার ডেনিস ল। মৃত্যুকালে বয়স হয়েছিল ৮৪ বছর। দীর্ঘদিন ধরেই অসুস্থ ছিলেন তিনি। টানা ১১ এগারো বছর ম্যাঞ্চেস্টার ইউনাইটেডে খেলেছিলেন ডেনিস ল। ৪০৪ ম্যাচে রয়েছে ২৩৭ গোল। ভক্তদের কাছে পরিচিত ছিলেন ‘ কিং’ নামে। ১৯৬৪ সালে ব্যালন ডি’ওর-ও জেতেন কিংবদন্তি ফুটবলার। ১৯৪০ সালে জন্ম ডেনিসের। ফুটবল জীবন শুরু ইংল্যান্ডের হাডারসফিল্ড টাউনে। পরে ম্যাঞ্চেস্টার সিটি ও ইটালির তোরিনোতে খেলে চলে আসেন ম্যাঞ্চেস্টার ইউনাইটেডে। ১৯৬২ থেকে ১৯৭৩ পর্যন্ত রেড ডেভিলসের জার্সিতে খেলেন তিনি। জর্জ বেস্ট ও স্যার বিবি চার্লটনের সঙ্গে ডেনিসের যুগলবন্দী একাধিক সাক্ষ্য এনে দেয় ম্যাঞ্চেস্টারকে। ক্লাবের সামনে ‘ উপস্থিতি সেই সাফল্যের প্রমাণ। ১৯৬৪ সালে একমাত্র স্কটিশ প্লেয়ার হিসেবে ব্যালন ডি’ওর জেতেন ডেনিস ল। সেই বছর লিগে ২৮টি গোল করেছিলেন তিনি। এছাড়া ১৯৬৫ ও ১৯৬৭ সালে লিগ খেতাব ও ১৯৬৮ সালে ইউরোপিয়ান কাপ জয়ী দলেও ছিলেন তিনি। স্কটল্যান্ডের হয়ে ৫৫ ম্যাচে রয়েছে ৬০টি গোল। ২০২১ সাল থেকে অ্যালজাইমার্স ও ডিমেনশিয়ার মতো জটিল রোগে ভুগছিলেন। অবশেষে শুক্রবার তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর পরিবার থেকে বিবৃতি দিয়ে বলেছে, ভারাক্রান্ত হৃদয়ে জানতে হচ্ছে যে, আমাদের বাবা ডেনিস ল প্রয়াত হয়েছেন। তিনি দীর্ঘদিন লড়াই করেছেন। অবশেষে শান্তি পেলেন। ম্যাঞ্চেস্টার ইউনাইটেড থেকেও জানানো হয়েছে, স্টেটফোর্ডের রাজা ডেনিস ল-এর প্রয়াণে আমরা শোকাহতা। গোল করার দক্ষতা, খেলার প্রতি ভালোবাসা ও আবেগের জন্য তিনি একটা প্রজন্মের নায়ক ছিলেন। শোকপ্রকাশ করা হয়েছে ইংল্যান্ডের অন্যান্য ক্লাব, ফুটবলার ও উয়েফার পক্ষ থেকেও।



প্রকাশিত

সুচিকিৎসা

২৭ বর্ষ ● দ্বিতীয় সংখ্যা ● ১ জানুয়ারি ২০২৫

নার্ভের অসুখ

- ক্যান্ডার বা টিউমার যেখানে রেডিয়েশন চিকিৎসার অবিচ্ছেদ্য অঙ্গ
- ল্যারিংস বা কন্ঠনালীর ক্যানসার
- গলব্লাডার ও প্যানক্রিয়াস ক্যানসার
- হার্টের অসুখ মানেই জীবন শেষ নয়
- হাইপারটেনশন ও কিডনি ডিজিজ
- ফেসিয়াল নার্ভের অসাড়তা
- মায়োক্রেডে আঘাত
- মায়ু যুদ্ধে মৃগী রোগ

সুচিকিৎসা এখন অনলাইনে পড়তে পাশের কোডটি স্ক্যান করুন